# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Srabon 14, 1433 Bangla, July 29, 2026, Wednesday, No. 204, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has urged Japan to recruit more skilled Bangladeshi workers while seeking active cooperation in human resource development, skills enhancement & increased investment. (Jago News: 12)

State Minister for Power, Energy & Mineral Resources has said, Tarique Rahman has sought energy cooperation during a telephone conversation with Malaysian Prime Minister. (BBC: 03)

Acting President Hafiz Uddin Ahmad, Bir Bikram has received his first ceremonial salute and held his official engagements at Bangabhaban after taking charge. (BBC: 04)

BNP Secretary General and LGRD & Cooperatives Minister has said that an effective social movement against drugs should be built to protect young generation. (Jago News: 15)

Prime Minister's Information & Broadcasting Adviser has said government is prioritizing Smart Farmer Card initiative, youth employment creation, and semiconductor industry as key economic drivers. (Jago News: 12)

IRC Deputy Regional Director for Asia, has praised government's social protection initiatives during a courtesy call on Social Welfare and Women & Children Affairs Minister. (Jago News: 21)

A sudden measles outbreak in remote hills of Bandarban's Ruma has claimed lives of 7 Khumi children in 15 days, exposing low vaccination coverage & fragile healthcare services. (Jago News: 17)

BSTI has urged people not to panic over a recent study that detected microplastics in several toothpaste brands, saying no product should be declared unsafe without scientific testing and legal verification. (Jago News: 20)

At least 7,364 students were killed in road accidents across country between 2019 & June 2026, according to Road Safety Foundation. (DW: 11)

A powerful 7.1 magnitude earthquake has hit Japan raising fears of heavy casualties after a shopping mall collapse. (BBC: 08)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**শ্রাবণ ১৪, বাংলা ১৪৩৩, জুলাই ২৯, ২০২৬, বুধবার, নং- ২০৪, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান মানবসম্পদ উন্নয়ন , দক্ষতা বৃদ্ধি ও বিনিয়োগ বাড়ানোর ক্ষেত্রে জাপানের আরও সক্রিয় সহযোগিতা চেয়েছেন এবং জাপানে আরও বেশি দক্ষ বাংলাদেশী কর্মী নিয়োগের আহ্বান জানিয়েছেন। (জাগো নিউজ: ১২)

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী জানিয়েছেন , মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর সাথে টেলিফোনে আলাপকালে তারেক রহমান জ্বালানি ক্ষেত্রে সহযোগিতা চেয়েছেন। (বিবিসি: ০৩)

ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম দায়িত্ব গ্রহণের পর বঙ্গভবনে তাঁর প্রথম আনুষ্ঠানিক অভিবাদন গ্রহণ করেছেন এবং দাপ্তরিক কার্যক্রমে অংশ নিয়েছেন। (বিবিসি: ০৪)

বিএনপি মহাসচিব এবং স্থানীয় , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তরুণ প্রজন্মকে রক্ষা করার জন্য মাদকের বিরুদ্ধে একটি সামাজিক আন্দোলনের আহ্বান জানিয়েছেন। (জাগো নিউজ: ১৫)

সরকার স্মার্ট কৃষক কার্ড কর্মসূচি, যুবকদের কর্মসংস্থান সৃষ্টি এবং সেমিকন্ডাক্টর শিল্পকে প্রধান অর্থনৈতিক চালিকাশক্তি হিসেবে অগ্রাধিকার দিচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা। (জাগো নিউজ: ১২)

মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ কালে ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটির ডেপুটি রিজিওনাল ডিরেক্টর (এশিয়া) সামাজিক সুরক্ষায় সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেছেন। (জাগো নিউজ: ২১)

বান্দরবানের রুমার প্রত্যন্ত পাহাড়ী অঞ্চলে হামের আকস্মিক প্রাদুর্ভাবে ১৫ দিনে সাতজন খুমি শিশুর প্রাণহানি, যা স্বল্প টিকাদানের হার এবং স্বাস্থ্যসেবার ভঙ্গুর অবস্থাকে উন্মোচিত করেছে। (জাগো নিউজ: ১৭)

বিএসটিআই জনগণকে বেশিরভাগ টুথপেস্ট ব্র্যান্ডে মাইক্রোপ্লাস্টিক পাওয়ার প্রতিবেদন নিয়ে আতঙ্কিত না হওয়ার আহ্বান জানিয়ে বলেছে, বৈজ্ঞানিক পরীক্ষা ও আইনি যাচাই ছাড়া কোনো পণ্যকে অনিরাপদ ঘোষণা করা উচিত নয়। (জাগো নিউজ: ২০)

রোড সেফটি ফাউন্ডেশনের তথ্য অনুযায়ী, ২০১৯ থেকে ২০২৬ সালের জুন মাস পর্যন্ত দেশজুড়ে সড়ক দুর্ঘটনায় অন্তত ৭,৩৬৪ জন শিক্ষার্থী নিহত হয়েছেন। (ডয়চে ভেলে: ১১)

জাপানে ৭ দশমিক ১ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের আঘাত -- শপিংমল ধসে বহু হতাহতের আশঙ্কা। (বিবিসি: ০৮)

# বিবিসি

## গ্যাস সংকট সমাধানে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীকে তারেক রহমানের চিঠি

বাংলাদেশে চলমান গ্যাস সংকট মোকাবেলায় মালয়েশিয়ার সহযোগিতা চেয়ে দেশটির প্রধানমন্ত্রীর কাছে চিঠি পাঠিয়েছে বাংলাদেশ। একই সাথে দেশটির প্রধানমন্ত্রীর আনোয়ার ইব্রাহিমকে ফোন করে তার সাথে কথাও বলেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এই তথ্য জানান জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। তিনি জানান, একটি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) মজুত ও পুনঃ গ্যাসীকরণ ইউনিট (এফএসআরইউ) বিকল হয়ে যাওয়ার কারণে গত এক সপ্তাহ ধরে শিল্প, বাণিজ্য ও বাসাবাড়িতে তীব্র গ্যাস-সংকট বিরাজ করছে। দৈনিক ৩ হাজার ৮০০ মিলিয়ন ঘনফুট গ্যাসের চাহিদার বিপরীতে সরবরাহ হচ্ছে ২ হাজার ১০০ মিলিয়ন ঘনফুট। প্রতিমন্ত্রী বলেন, সমস্যার গুরুত্ব অনুভব করে প্রধানমন্ত্রী তারেক রহমান তাঁর উপদেষ্টা মাহদী আমিনের মারফতে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমকে একটি চিঠি লিখেছেন। আজ বাংলাদেশ সময় বেলা ২টায় প্রধানমন্ত্রী তারেক রহমান মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে ফোনে কথা বলেছেন। বাংলাদেশের এই উদ্ভূত জ্বালানিসংকট মোকাবিলায় মালয়েশিয়ার সহযোগিতা কামনা করেছেন। প্রতিমন্ত্রী মি. অমিত বলেন, এই সংকট সমাধানে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেছেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## কওমি মাদ্রাসার বিরুদ্ধে ঘৃণাজীবীদের অপপ্রচারের নিন্দা হেফাজতে ইসলামের

সম্প্রতি সংবাদমাধ্যমে প্রচারিত যৌন নিপীড়নের কিছু অভিযোগ কেন্দ্র করে কওমি মাদ্রাসার বিরুদ্ধে কাঠামোগত অপপ্রচার হচ্ছে অভিযোগ করে এ ঘটনার নিন্দা জানিয়েছেন হেফাজতে ইসলাম বাংলাদেশ। মঙ্গলবার হেফাজতে ইসলামের আমীর শাহ মুহিববুল্লাহ বাবুনগরী ও মহাসচিব সাজেদুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। এতে বলা হয়, ”’ব্রাহ্মণ্যবাদ, আধিপত্যবাদ ও ফ্যাসিবাদবিরোধী দীর্ঘ ভূমিকার কারণে এবং বাংলাদেশে ইসলামকে ক্ষমতার ভরকেন্দ্রে ধরে রাখায় কওমি মাদরাসা আবারও ঘৃণাজীবী সেক্যুলার প্রগতিশীলদের টার্গেটে পরিণত হয়েছে।„ হেফাজতে ইসলাম উদ্বেগ জানিয়ে বিবৃতিতে উল্লেখ করেছে, ”সম্প্রতি দেশের প্রত্যন্ত অঞ্চলে মাদ্রাসার জায়গা-জমি দখলের চক্রান্তস্বরূপ মিথ্যা যৌন হয়রানির অভিযোগ তোলা হচ্ছে বলেও আমরা জেনেছি। সুষ্ঠু তদন্তের আগেই মিডিয়া ট্রায়ালের সুযোগ নিচ্ছে ভূমিদস্যুরা।„ (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## হবিগঞ্জে এনসিপির জুলাই পদযাত্রায় হামলা, সারজিসসহ কয়েকজন আহত

হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি পদযাত্রায় হামলার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি ও ছাত্রদলের নেতাকর্মীদের বিরুদ্ধে। এই ঘটনায় সাংবাদিকদের কয়েকটি গাড়িও ভাঙচুর করা হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন সারজিস আলম ও নাসীরুদ্দীন পাটওয়ারীসহ এনসিপির বেশ কয়েকজন নেতাকর্মী। তবে এনসিপি পদযাত্রায় হামলার অভিযোগ অস্বীকার করেছেন স্থানীয় বিএনপি নেতারা। মঙ্গলবার বিকেলে হবিগঞ্জের সার্কিট হাউজ এলাকায় এই ঘটনাটি ঘটে। এনসিপির মিডিয়া উপ-কমিটির সদস্য ইয়াসিন আরাফাত বিবিসি বাংলাকে বলেন, ”’বিএনপি ও ছাত্রদলের কর্মীরা সারজিস আলম ও নাসীরুউদ্দিন পাটওয়ারীকে লক্ষ্য করে এই হামলা চালায়। এতে এনসিপি নেতা সারজিস আলমসহ অন্তত ১০ জন আহত হয়েছে।„ ওই ঘটনার সময়কার বেশ কিছু ভিডিও ও ছবিও ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। সেখানে দেখা যায়, কিছু ব্যক্তির হাতে লাঠিসোঁটা রয়েছে। সেখানে থাকা কয়েকটি গাড়ি ভাঙচুর ও সেই গাড়িতে থাকা গণমাধ্যমকর্মী ও ড্রাইভারকে মারধর করা হচ্ছে। একটি ভিডিওতে দেখা গেছে, যারা হামলা করেছেন, সেখানে একজন ব্যক্তিকে মারপিটে অংশ নিতে দেখা যায়, যার গায়ে হবিগঞ্জ জেলা ছাত্রদল লেখা টি-শার্ট পরা রয়েছে। সন্ধ্যায় নিজের ভেরিফাইড ফেসবুক পেজের এক পোস্টে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম লেখেন, ”হবিগঞ্জে জুলাই পদযাত্রায় নাসীরুদ্দীন পাটওয়ারী ও সারজিস আলমের গাড়ি বহরে অতর্কিত ও সশস্ত্র হামলা করেছে স্থানীয় বিএনপির নেতাকর্মীরা। এতে বেশ কয়েকজন সাংবাদিক ও এনসিপি নেতাকর্মীরা আহত হয়েছেন। দুর্ভাগ্যবশত আইন-শৃঙ্খলা বাহিনীর উপস্থিতিতে এই হামলা হয়েছে।„ তিনি আরো বলেন, ”এনসিপির মিডিয়া টিমের মাইক্রোবাসটিকে হবিগঞ্জ জেলা সার্কিট হাউজের ভেতরে নিয়ে হামলা করেছে সন্ত্রাসীরা। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ভেতর নিয়ে এমন ন্যাক্করজনক কাণ্ড ঘটিয়েছে তারা। কেবল মাইক্রোবাস ভেঙেই তারা ক্ষান্ত হয়নি; মোবাইল ফোন এবং ক্যামেরা ছিনিয়ে নিয়ে গেছে।„ তবে এনসিপির পদযাত্রায় হামলার অভিযোগ নাচক করে দিয়ে হবিগঞ্জ জেলা বিএনপির সভাপতি ও সংসদ সদস্য মো. জি কে গউছ বিবিসি বাংলাকে বলেন, ”এনসিপির সাথে আমাদের তো কোনো বিরোধ নাই, তাদের ওপর হামলা করার কোনো কারণ নেই। আমি শুনেছি, কে বা কারা তাদের ওপর হামলা করেছে, কিন্তু আমরা এর সাথে জড়িত নই।„ (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## ফরিদপুরে রাস্তায় হাতি দিয়ে চাঁদা তোলার সময় হাতির শুড়ের আঘাতে ইজিবাইক উল্টে শিশু নিহত

ফরিদপুরের সদরপুর উপজেলার রাস্তায় হাতি নিয়ে বিভিন্ন যানবাহনের কাছ থেকে চাঁদা তুলছিল এক ব্যক্তি। চাঁদা এড়াতে গেলে হাতির শুড়ের সাথে ধাক্কা লাগে একটি ব্যাটারিচালিত অটোরিকশার। পরে সেই অটোরিকশাটি উল্টে গেলে তার নিচে চাপা পড়ে ওই রিকশায় থাকা ১০ মাস বয়সি শিশু আরিশা জান্নাত। পরে সেখান থেকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার পথে মারা যায় ওই শিশুটি। বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন সদরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা ওসি মো. আবদুল আল মামুন শাহ। শিশু আরিশা জান্নাতকে সদরপুর হাসপাতালে চিকিৎসক দেখানোর জন্য তার মা ব্যাটারিচালিত অটোরিকশায় যাচ্ছিলেন। পথেই এই দুর্ঘটনাটি ঘটে বলে জানায় পুলিশ। মঙ্গলবার দুপুরের দিকে সদর উপজেলার আটরশি এলাকায় এই ঘটনাটি ঘটে। ওই শিশুটির বাড়ি ভাংগা উপজেলার আলগী ইউনিয়নে। ঘটনার পরপরই স্থানীয়রা হাতির মাহুত বকুল মিয়াকে মারধর করে পুলিশে দেয়। সদরপুর থানার ওসি মি. শাহ বিবিসি বাংলাকে জানান, এই ঘটনায় একটি মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। তিনি জানান, ওই হাতিটিকে এলাকা থেকে সরিয়ে নিতে এরই মধ্যে বনবিভাগকে খবর দেওয়া হয়েছে। বনবিভাগের কর্মীরা পৌঁছানোর পর হাতিটিকে নিয়ে নিয়ে যাওয়া হবে।(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন শুরু করেছেন হাফিজ উদ্দিন আহমদ

রাষ্ট্রপতির পদ থেকে মো. সাহাবুদ্দিন পদত্যাগের পর ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন শুরু করেছেন হাফিজ উদ্দিন আহমদ। দায়িত্ব গ্রহণের পর তিনি প্রথম এ কার্যক্রম শুরু করে বলে বলা হয়েছে বাংলাদেশ সংবাদ সংস্থা বা বাসসের খবরে। খবরে বলা হয়েছে, মঙ্গলবার সকাল সোয়া ১১টায় বঙ্গভবনে পৌঁছালে প্রধান ফটক-২ এ প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) একটি সুসজ্জিত অশ্বারোহী দল ভারপ্রাপ্ত রাষ্ট্রপতিকে স্বাগত জানায় এবং গার্ড অব অনার প্রদানের স্থানে নিয়ে যায়। পরে পিজিআর-এর একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান করে। গার্ড অব অনার প্রদান শেষে রাষ্ট্রপতির সামরিক সচিব এ এস এম বাহাউদ্দিন, জনবিভাগের সচিব খান মো. নূরুল আমিন, প্রেস সচিব মো. সরওয়ার আলম এবং সহকারী সামরিক সচিব ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রাইসুল ইসলাম ভারপ্রাপ্ত রাষ্ট্রপতিকে ফুলেল শুভেচ্ছা জানান। আনুষ্ঠানিকতা শেষে, ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি তাঁর কার্যালয়ে উপস্থিত হন এবং সেখানকার জ্যেষ্ঠ কর্মকর্তাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় সামরিক সচিব ও জন বিভাগের সচিব তাকে বঙ্গভবনের বিভিন্ন বিষয় সম্পর্কে অবহিত করেন।„(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ নারগীস)

## টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিকের বিষয়টি তদন্তে হাইকোর্টের নির্দেশ

বাংলাদেশের বাজারে ৩৪টি টুথপেস্টের মধ্যে ২৬টিতে `ক্ষতিকর, মাইক্রোপ্লাস্টিক পাওয়ার ঘটনা তদন্তে তিন সদস্যের বিশেষজ্ঞ কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এই কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে আদালতে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। মঙ্গলবার বিচারপতি খিজির আহমেদ চৌধুরী ও বিচারপতি মো. জিয়াউল হকের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। বিষয়টি বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করছেন এই নিয়ে হাইকোর্টে রিটকারী আইনজীবী মো. আব্দুল্লাহ আল মামুন। এর আগে, গত রোববার দেশের বাজারে বিক্রি হওয়া ১৯ ব্র্যান্ডের ৩৪টি টুথপেস্ট নিয়ে গবেষণা প্রতিবেদন তুলে ধরা হয়। ২০২৫ সালের জুলাই থেকে ২০২৬ সালের জুন পর্যন্ত দেশব্যাপী একটি সমন্বিত গবেষণা পরিচালনা করে এই সংস্থা। এই গবেষণায় বলা হয়, গবেষণায় পরীক্ষা করা ৩৪টি টুথপেস্টের মধ্যে ২৬টিতে মাইক্রোপ্লাস্টিক পাওয়া গেছে। বাকি ৮টিতে কোনো মাইক্রোপ্লাস্টিক পাওয়া যায়নি। পরে এ নিয়ে বিষয়টি নিয়ে তদন্তের দাবি জানিয়ে হাইকোর্টে রিট দায়ের করেন সুপ্রিম কোর্টের আইনজীবী মি. মামুন। পরে মঙ্গলবার আদালত শুনানি শেষে ২৬টি টুথপেস্টে `ক্ষতিকর, মাইক্রোপ্লাস্টিক পাওয়ার ঘটনা তদন্তে তিন সদস্যের বিশেষজ্ঞ কমিটি গঠনের নির্দেশ দেয়। রিটকারী আইনজীবী মি. মামুন বিবিসি বাংলাকে বলেন, ”শুধু ২৬টি না, বাজারে যতগুলো টুথপেষ্ট আছে সবগুলো নিয়ে তদন্তদের নির্দেশ দিয়েছেন আদালত। এই কমিটিতে সরকারি প্রতিষ্ঠান বিএসটিআই, সায়েন্স ল্যাবরেটরি ও বুয়েটের একজন প্রতিনিধিকে রাখার নির্দেশ দেওয়া হয়েছে।„
(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ নারগীস)

## মিরপুর বিশ্ববিদ্যালয় কলেজের দেয়াল ধসে দুইজন নিহত

ঢাকার মিরপুরে টিসিবির পণ্য নিতে এসে দেয়াল ধসে অন্তত দুইজন নিহত হয়েছে। এই ঘটনায় আরো অন্তত ছয়জন আহত হয়েছে বলে জানিয়েছে পুলিশ। মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা ওসি হাফিজুর রহমান বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ ও স্থানীয় সূত্রগুলো জানায়, মিরপুর বিশ্ববিদ্যালয় কলেজের পেছনের সীমানা প্রাচীর ধসে এ দুর্ঘটনা ঘটে। সেখানে টিসিবির পণ্য নিতে অনেকে লাইন ধরে দাঁড়িয়েছিলেন। হঠাৎ করে দেয়াল ধসে পড়লে এই দুর্ঘটনা ঘটেছে। পুলিশ জানিয়েছে, এই ঘটনায় হতাহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। নিহতদের একজনের নাম নাছিমা বেগম। তবে অপর নিহত পুরুষের নাম এখনো নিশ্চিত করতে পারেনি পুলিশ।
(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি নির্বাচনের তারিখ ঠিক হয়নি, তবে প্রস্তুত নির্বাচন কমিশন : সিইসি

রাষ্ট্রপতি নির্বাচনের তারিখ ঠিক হয়নি, তবে নির্বাচনের জন্য ইসি প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন। মঙ্গলবার বেলা সাড়ে ১১টায় ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামালের সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। এসময় সিইসি বলেন, আইনেই বলা আছে, "রাষ্ট্রপতি নির্বাচনের জন্য দিনক্ষণ ঠিক করার জন্য বা প্রসিডিওরাল বিষয়গুলো ওখানে বলা আছে। ওখানে বলা আছে, স্পিকারের সাথে আলোচনাক্রমে দিনক্ষণ ঠিক করা হবে যে, কোনদিন নির্বাচন হবে, নমিনেশন পেপার কোনদিন জমা দেওয়া হবে, যাচাই-বাছাই কোনদিন হবে, নির্বাচন হলে যদি প্রতিযোগিতামূলক হয়, তাহলে এক ধরনের ব্যবস্থা, আর যদি প্রতিযোগিতা না থাকে এবং একক প্রার্থী থাকে, তাহলে আরেক ধরনের ব্যবস্থা।„ তিনি বলেন, "আমরা বলেছি, যে-কোনো সময় রাষ্ট্রপতি নির্বাচনের জন্য আমরা প্রস্তুত। প্রস্তুতি আমরা নিয়ে রেখেছি। কারণ আমাদের আবার স্থানীয় সরকার নির্বাচনের ব্যাপারেও একটা প্রস্তুতির ব্যাপার আছে। আমাদের ওদিকেও ব্যস্ততা আছে।„ সিইসি জানান, নির্বাচন কমিশন ভোটার তালিকার জন্য মঙ্গলবার চিঠি দিয়েছি। সংসদ সচিবালয় ইসির কাছে যত দ্রুত সম্ভব ভোটার তালিকা দিবেন। পরবর্তীতে নির্বাচনের আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু হবে।
(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## থানায় অভিযোগ ও প্রতিমন্ত্রীর মন্তব্যের পর শিক্ষাবিভাগের 'ইউটার্ন,-সহ যা হলো

একজন স্কুল শিক্ষকের ফেসবুকে পোস্ট করা একটি ভিডিওকে কেন্দ্র করে সামাজিক মাধ্যমে ট্রোল, থানায় অভিযোগ, পুলিশী তদন্ত আর প্রাথমিক শিক্ষা বিভাগের কমিটি গঠনের চিন্তা-ভাবনাসহ নানা নাটকীয় ঘটনা ঘটেছে গত কয়েকদিন ধরে। সবশেষ সোমবার বিষয়টি নিয়ে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রীর বক্তব্যের পর পুরো ঘটনা ভিন্ন দিকে টার্ন নিয়েছে। ঘটনার শুরু হয় গত বৃহস্পতিবার সিলেটের ফেঞ্চুগঞ্জের একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিউটি পাল, ফেসবুকে একসময়ের জনপ্রিয় ব্যান্ড 'ডিফারেন্ট টাচ'-এর 'শ্রাবণের মেঘগুলো' গানের সাথে একটি ভিডিও পোস্ট করার পর। ভিডিওটি নিয়ে সামাজিক মাধ্যমে ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হলে দেশের বিভিন্ন অঞ্চলের সরকারি প্রাথমিক স্কুলের শিক্ষক-শিক্ষিকারা ওই একই গান ব্যবহার করে নিজেদের প্রোফাইলে ভিডিও পোস্ট করা শুরু করেন মিজ পালের প্রতি সমর্থনের অংশ হিসেবে। ঘটনা একপর্যায়ে এতটাই আলোড়ন তৈরি করে যে, ওই ভিডিও পোস্ট করে বিউটি পাল 'সরকারি কর্মচারীদের আচরণবিধি' লঙ্ঘন করেছেন কী-না, তা খতিয়ে দেখার সিদ্ধান্ত নেয় সিলেটের প্রাথমিক শিক্ষা বিভাগ। কিন্তু সোমবার সিলেটে সফরে গিয়ে বাংলাদেশের শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ আলোচিত ওই ভিডিওটি প্রসঙ্গে মন্তব্য করেন যে, তার জানামতে ওই ভিডিওতে 'অশ্লীলতা বা তেমন কিছু নেই,। আর প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রীর মন্তব্যের পরই সিলেটের শিক্ষা বিভাগ ঘটনা খতিয়ে দেখার সিদ্ধান্ত থেকে সরে আসে। সোমবার রাতে সিলেট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাখাওয়াত এরশাদ বিবিসি বাংলাকে বলেন, "প্রতিমন্ত্রীর মন্তব্যটা তো আপনি লক্ষ্য করেছেন, এরপর তো আর আমাদের কোনো কথা থাকে না।„

## ভিডিও ভাইরালসহ যা যা হলো

ফেঞ্চুগঞ্জের পিটাইটিকর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিউটি পাল ২৩ জুলাই নিজের ফেসবুক পেইজে একটি ভিডিও পোস্ট করেন। কয়েক সেকেন্ডের ওই রিল ভিডিওর ব্যাকগ্রাউন্ডে শোনা যাচ্ছিল আশির দশকের বাংলা ব্যান্ড ডিফরেন্ট টাচের জনপ্রিয় গান 'শ্রাবণের মেঘগুলোর, একটি অংশ, আর গানের সঙ্গে বিদ্যালয় প্রাঙ্গনে শাড়ি পরে হাঁটছেন ওই শিক্ষিকা। বিউটি পাল ভিডিওটি পোস্ট করার পর সামাজিক যোগাযোগমাধ্যমে তিনি সমালোচনা ও ট্রোলের শিকার হন। মিজ পাল সাইবার হয়রানির শিকার হওয়ার পর তার সহকর্মী ও দেশের বিভিন্ন এলাকার প্রাথমিক স্কুলের শিক্ষকেরা তার সাথে সংহতি জানাতে শুরু করেন। এর অংশ হিসেবে তারা ফেসবুকে নিজ নিজ প্রোফাইলে ভিডিও পোস্ট করতে থাকেন, নিজেদের ফেসবুক প্রোফাইলে শিক্ষক-শিক্ষিকারা 'শ্রাবণের মেঘগুলো' গানের ওই নির্দিষ্ট অংশ, যেটি বিউটি পালের ভিডিওতে ছিল, সে অংশ ব্যবহার করে নানারকম ভিডিও দিতে থাকেন। কেউ কেউ স্কুলের ভেতরে শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে ভিডিও দেন, কেউ স্কুলের বাইরে থাকা অবস্থায় করা ভিডিও পোস্ট করেন। সব ভিডিওতে ব্যবহার করা হয় একই গান। ভিডিও পোস্ট করা শিক্ষকেরা তাদের ভিডিওর ক্যাপশনে উল্লেখ করেন যে, বিউটি পালের সাথে হওয়া সাইবার হয়রানির প্রতিবাদে তারা ভিডিও পোস্ট করছেন।

### থানায় জিডি

নিজের প্রোফাইলে প্রথম ভিডিও পোস্ট করার পরদিন শুক্রবার ২৪ জুলাই, ফেঞ্চুগঞ্জ থানায় একটি সাধারণ ডায়রি বা জিডি করেন বিউটি পাল। ফেঞ্চুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা লুৎফর রহমান বলেন, তার পোস্ট 'অতিরঞ্জিত' করে প্রকাশ করার অভিযোগে থানায় জিডি করেন মিজ পাল। ফেঞ্চুগঞ্জ থানার ওসি মি. রহমান বিবিসি বাংলাকে বলছিলেন, "উনার একটি পোস্ট কেউ কেউ অতিরঞ্জিত করে প্রচার করছে এবং তার ফলে তিনি বিব্রতবোধ করছেন বিধায় তিনি অভিযোগ করেছেন। কে বা কারা এটি করেছে, সেটি বের করার জন্য তিনি পুলিশের কাছে এই অভিযোগ দায়ের করেছেন।„ মি. রহমান বলেন যে, বিউটি পাল নির্দিষ্ট কোনো ব্যক্তি বা সংস্থার নামে অভিযোগ করেননি। এদিকে,

পুলিশ বিউটি পালের অভিযোগের ভিত্তিতে 'আইটি ফরেনসিক' বিভাগের কাছে আবেদন পাঠিয়েছে এবং নিয়ম অনুযায়ী তদন্ত করছে বলে জানান মি. রহমান।

**প্রাথমিক শিক্ষা বিভাগের 'ইউটার্ন'**

বিউটি পালের বিষয়টি সামাজিক মাধ্যমে আলোচনা-সমালোচনা আর প্রতিবাদী ভিডিওর মধ্যে আর সীমাবদ্ধ ছিল না। আলোচনা পৌঁছে যায় তার কর্মক্ষেত্রেও। মিজ পালের পোস্ট করা ভিডিও নিয়ে আলোচনা তৈরি হওয়ার পর সিলেটের প্রাথমিক শিক্ষা বিভাগ চিন্তা করেছিল যে, বিষয়টি খতিয়ে দেখতে একটি কমিটি করবে তারা। সিলেট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাখাওয়াত এরশাদ বিবিসিকে বলেন, "আমরা চিন্তা করেছিলাম যে, এটি (ভিডিওটি) সরকারি কর্মচারী আচরণবিধি বা সামাজিক যোগাযোগ মাধ্যম নীতিমালা লঙ্ঘন করে কী-না, আমরা তা খতিয়ে দেখবো।„ কিন্তু ঘটনার গতি পরিবর্তন হয়ে যায় রবিবার দুপুরের পর। গতকাল সিলেটে সফরে গিয়ে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বিষয়টি নিয়ে মন্তব্য করার পর মিজ পালের বিষয়টি আর খতিয়ে দেখা হবে না বলে জানান জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মি. এরশাদ। "মাননীয় মন্ত্রী যখন একটা স্টেটমেন্ট দিয়েছেন, তারপর তো আমাদের এ বিষয়ে করার কিছু নাই,„ বিবিসি বাংলাকে বলেন মি. এরশাদ।

**কী বলেছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী**

সোমবার সিলেটে সফরে গিয়ে সাংবাদিকদের সাথে কথা বলার সময় বিউটি পালের পোস্ট ইস্যুতে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজের মন্তব্য জানতে চাওয়া হয়। উত্তরে তিনি জানান যে, বিউটি পালের পোস্টটি তিনি না দেখলেও তিনি শুনেছেন যে, সেই পোস্টে 'অশ্লীল' কিছু নেই। "আমার সোশ্যাল মিডিয়া নেই, কাজেই আমি ভিডিও দেখিনি। আমি আশেপাশে জিজ্ঞেস করে জানলাম, একজন একটা গান গেয়ে একটি ভিডিও করেছে এবং সেখানে অশ্লীলতা বা তেমন কিছু নেই। যদি না থাকে, গান গাওয়া অন্যায় এটা আর কেউ মানুক বা না মানুক, আমি মানতে রাজি না।„(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ নারগীস)

## মারধরের পর ছাত্রলীগ পরিচয়ে কারাগারে, যা ঘটেছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

প্রক্টর অফিসে প্রথম দফায় মারধরের পর লাইব্রেরিতে ঢুকেও রেহাই মেলেনি। অ্যাম্বুলেন্স থেকে নামিয়েও দেওয়া হয় আরেক দফা পিটুনি। শেষমেষ ছাত্রলীগ পরিচয়ে দুইজনকে তুলে দেওয়া হয় পুলিশের হাতে। রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নেতাদের এই কর্মকাণ্ড বাংলাদেশে নানা আলোচনা-সমালোচনার জন্ম দিয়েছে। এই ঘটনা ঘিরে গত দুইদিন দেশজুড়েই আলোচনার কেন্দ্রে ছিল রাজশাহী বিশ্ববিদ্যালয়। প্রতিষ্ঠানটির কেন্দ্রীয় ছাত্র সংসদ এবং শিবির নেতাদের বিরুদ্ধে মব তৈরি এবং অযাচিত হস্তক্ষেপের অভিযোগ তুলেছেন অনেকেই। এছাড়া তিন দফা মারপিটের পর দুইজনকে ছাত্রলীগ পরিচয়ে পুলিশের গ্রেফতার করার বিষয়টি ক্যাম্পাসে ট্যাগিংয়ের রাজনীতির পুনরাবৃত্তি কিনা এমন প্রশ্নও সামনে এনেছে। এদিকে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এই ঘটনায় আটক দুইজনকে মঙ্গলবার "সন্ত্রাস বিরোধী আইনে„ গ্রেফতার দেখিয়ে জেল হাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। এরপর থেকেই ছাত্রদল, ছাত্রশিবির এবং ছাত্র সংসদ নেতাদের পাল্টাপাল্টি বক্তব্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে বলেও জানা গেছে। ক্যাম্পাসে বহিরাগত প্রবেশ এবং মবের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে দাবি জানিয়ে কর্মসূচি পালন করেছে বিভিন্ন ছাত্র সংগঠন। মঙ্গলবার দুপুর পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নতুন করে কোনো সংঘাতের ঘটনা না ঘটলেও অতিরিক্ত পুলিশ সদস্য মোতায়েন করা হয়েছে বলে জানিয়েছেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশের মুখপাত্র মো. গাজিউর রহমান। এছাড়া ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয় প্রশাসন কাজ শুরু করেছে বলেও জানা গেছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয় লাইব্রেরি পরিদর্শনের পাশাপাশি তদন্ত কমিটি বিভিন্ন তথ্য সংগ্রহ করেছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মাহবুবুর রহমান। ঘটনাটিকে 'খারাপ দৃষ্টান্ত' হিসেবে উল্লেখ করে মি. রহমান জানান, আগামী ১০ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দেবে তদন্ত কমিটি।

**ঘটনার শুরু যেভাবে**

রোববার রাজশাহী বিশ্ববিদ্যালয় সংস্কৃত বিভাগের এক নারী শিক্ষার্থী একই বিভাগের আরেক শিক্ষার্থীর বিরুদ্ধে প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় তাকে হুমকি দেওয়ার অভিযোগ তোলেন। এর পরিপ্রেক্ষিতে রোববার রাতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মাহবুবর রহমান অভিযুক্তদের নিয়ে একটি সভায় বসলে সেখানে বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সাবেক শিক্ষার্থী আনাস আহাম্মেদ ও হাসিবসহ কয়েকজন উপস্থিত হয়ে প্রক্টরের সঙ্গে তর্কে জড়ান বলে প্রত্যক্ষদর্শীরা বিবিসি বাংলাকে জানিয়েছেন। এর জের ধরে সোমবার দুপুরে প্রক্টর দপ্তরে পুনরায় সভা ডাকা হয়। যেখানে উপস্থিত হয়ে আনাস আহাম্মেদকে নিষিদ্ধ ঘোষিত 'ছাত্রলীগ কর্মী' হিসেবে দাবি করেন রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ বা রাকসু জিএস সালাউদ্দিন আম্মার। এ সময় প্রক্টরের দপ্তরেই আনাসকে মারধর করা হয় বলে অভিযোগ ওঠে। পরে প্রক্টরের হস্তক্ষেপে পরিস্থিতি সাময়িক শান্ত হলে শিক্ষার্থীরা কার্যালয় ত্যাগ করেন। কিন্তু দুপুরের পরে আনাস আহাম্মেদ এবং তার সঙ্গীদের বিরুদ্ধে ছাত্র সংসদ ভবনে হামলার অভিযোগ তোলেন রাকসু নেতারা। যে ঘটনায় রাকসুর তথ্য ও গবেষণা সম্পাদক বি এম নাজমুস সাকিব আহত হয়েছেন বলেও দাবি করা হয়। এর পরপরই রাকসু

ও ছাত্রশিবিরের নেতা-কর্মীরা ধাওয়া করলে কেন্দ্রীয় লাইব্রেরির পাঠকক্ষে গিয়ে আশ্রয় নেন আনাস আহাম্মেদ এবং তার সঙ্গীরা। এসময় লাইব্রেরির ভেতরেই আনাস ও তার সঙ্গীদের মারধর শুরু করেন সালাউদ্দিন আম্মারসহ অন্যান্য নেতা-কর্মীরা। এসময় বিশ্ববিদ্যালয় প্রক্টরিয়াল টিম ও সেখানে উপস্থিত সাধারণ শিক্ষার্থীরা বাধা দেওয়ার চেষ্টা করলেও থামানো যায়নি। এমনকি আহত শিক্ষার্থী মাহমুদুল হাসানকে অ্যাম্বুলেন্সে তোলার সময়ও প্রক্টরিয়াল বডির সামনে তাকে টেনে নামিয়ে মারধর করা হয় বলে অভিযোগ রয়েছে। এই ঘটনায় রাকসুর সাধারণ সম্পাদক সালাহউদ্দীন আম্মারের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন অনেকে। ঘটনার সময় লাঠি হাতে তার অবস্থান, উত্তেজিত বক্তব্য এবং মারপিটের একাধিক ভিডিও ভাইরাল হয়েছে সামাজিক মাধ্যমে। বিশ্ববিদ্যালয় প্রশাসন বিষয়টি আমলে নেওয়ার পরও ছাত্র সংসদের নেতারা অযাচিত হস্তক্ষেপ করে পরিস্থিতি ঘোলাটে করেছেন বলেও অভিযোগ করেছেন কেউ কেউ।

যদিও এই অভিযোগ সঠিক নয় বলে মত রাকসুর সাধারণ সম্পাদক সালাহউদ্দীন আম্মারের। তিনি বলছেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের পাশাপাশি ছাত্র সংসদকেও এই ঘটনা নিয়ে অভিযোগ জানিয়েছিলেন ভুক্তভোগী শিক্ষার্থী। ”শিক্ষার্থীর তো আমার এখানেও অভিযোগ আসছে। আমি সবসময় আপডেট রাখছিলাম, আমার এজিএস ফুল টাইম ছিলেন। রাকসু অযাচিত হস্তক্ষেপ করার তো সুযোগ নাই, এটা তো কোনো পলিটিক্যাল অরগানাইজেশন না, শিক্ষার্থীদের সমস্যা তো আমাকে দেখতে হবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। তবে যে দুই ছাত্রকে মারধরের অভিযোগ উঠেছে, তারা পুলিশ হেফাজতে থাকায় তাদের বক্তব্য জানা সম্ভব হয়নি। যদিও মারধরের একাধিক ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে।

**আবারও কী ট্যাগের রাজনীতি?**

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনৈতিক ট্যাগিং নতুন নয়। অতীতে ছাত্রলীগের বিরুদ্ধে বিভিন্ন ক্যাম্পাসে ছাত্রদল কিংবা ছাত্র শিবির ট্যাগ দিয়ে মারধর, আবাসিক হল থেকে বের করে দেওয়া কিংবা পরীক্ষায় অংশ নিতে না দেওয়ার মতো ঘটনা ঘটেছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক সংঘাত ও মারপিটের ঘটনায় দুইজনকে ছাত্রলীগ পরিচয়ে গ্রেফতারের পর- বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবারও 'রাজনৈতিক ট্যাগ' দেওয়ার সংস্কৃতি ফিরছে কিনা এমন প্রশ্ন তুলেছেন অনেকে। সংঘাত, মারপিটের এই ঘটনায় আনাস আহাম্মেদ ও মাহমুদুল হাসান নামে দু-জনকে মূলত ছাত্রলীগ পরিচয়ে গ্রেফতার করা হয়েছে। যারা ওই বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যানকে কেন্দ্র করে শুরু হওয়া এই ঘটনায় অভিযুক্তের পক্ষে এই দু-জন আলোচনায় অংশ নিয়েছিলেন বলে জানা গেছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত একাধিক গণমাধ্যমকর্মীর সঙ্গে কথা বলে জানা গেছে যে, এই ঘটনায় গ্রেফতার হওয়া আনাস ও হাসান ছাত্রলীগের পদধারী কোনো নেতা ছিলেন না। তবে তাদেরকে সংগঠনটির বিভিন্ন কর্মসূচিতে দেখা গেছে বলেও জানিয়েছেন কেউ কেউ। যদিও প্রশাসনিক পদক্ষেপের বদলে তাদেরকে এভাবে মারধরের সমালোচনা করেছেন শিক্ষার্থীদের অনেকে। সাম্প্রতিক নানা ঘটনাক্রমে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা পরিস্থিতি এবং শিক্ষার পরিবেশ নিয়ে প্রশ্ন তুলেছেন সাধারণ শিক্ষার্থীদের অনেকে। ”ক্যাম্পাসে হলে থাকতে অনেক শিক্ষার্থীকে রাজনৈতিক মিছিল-মিটিংয়ে যেতে হয়েছে কিংবা অনেক সময় ছাত্রলীগ করে এমন বন্ধুর সঙ্গে ছবিও থাকতে পারে। তাই বলে তাকে আপনি ট্যাগ দিয়ে মারধর করবেন, এই সংস্কৃতি তো আগে ছিল,„ বিবিসি বাংলাকে বলেন নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী। এছাড়া বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং পুলিশের উপস্থিতিতেই মারধরের ঘটনায় তাদের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন সাধারণ শিক্ষার্থীদের অনেকে। ”ক্যাম্পাসে ছাত্রশিবির এবং ছাত্রদল মুখোমুখি অবস্থানে আছে। দখল পাল্টা দখলের রাজনীতিতে কখন যে কী হয়- এমন একটা শঙ্কা সবসময়ই আমাদের মধ্যে রয়েছে,„ বিবিসি বাংলাকে বলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাম প্রকাশে অনিচ্ছুক একজন শিক্ষার্থী।

এদিকে, গ্রেফতার দু-জনই স্বীকৃত ছাত্রলীগ কর্মী বলে উল্লেখ করেছেন রাকসু নেতা সালাহউদ্দিন আম্মার। তার দাবি, গ্রেফতারকৃতদের মোবাইল ফোনের বিভিন্ন তথ্য এবং ছবি যাচাই করে ছাত্রলীগের রাজনীতিতে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেছে। ”এরা যে ছাত্রলীগ এটা স্বীকৃত, অল এভিডেন্স এখানে আছে। একাধিক ভিডিওতে সে নিজে স্বীকার করেছে যে, সে ছাত্রলীগের রাজনীতি করে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

**পাল্টাপাল্টি বক্তব্যে উত্তেজনা**

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘাতের পর এই ঘটনা নিয়ে পাল্টাপাল্টি অবস্থান নিয়েছেন ছাত্রসংসদ ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতারা। যা অস্থিরতা আরও বাড়িয়ে তোলে কিনা এমন শঙ্কা তৈরি করেছে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে। ছাত্র সংসদ ও ছাত্রশিবিরের নেতাদের বিরুদ্ধে আধিপত্য বিস্তারের উদ্দেশ্যে মব সৃষ্টির অভিযোগ তুলেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতি সুলতান আহমেদ রাহী। তিনি বলছেন, বিশ্ববিদ্যালয়ে একটা অনিশ্চিত পরিস্থিতি তৈরি হয়েছে। ছাত্র সংসদকে সামনে রেখে ছাত্রশিবিরের নেতারা ক্যাম্পাসে নানা অপকর্ম করছে বলেও দাবি তার। ”অতীতে সন্ত্রাসী সংগঠন ছাত্রলীগ যেভাবে মারধর করে যে কাউকে ট্যাগিং করে পুলিশের হাতে তুলে দিত, ঠিক একই কালচারের পুনরাবৃত্তি করেছে শিবির,„ বিবিসি বাংলাকে বলেন মি. রাহী। এছাড়া ছাত্রলীগ বলে যাদেরকে মারধর করে পুলিশের

হাতে তুলে দেওয়া হয়েছে, তারা মূলত শিবির কর্মী বলেও দাবি তার। মি. রাহী বলছেন, "এখন যাদেরকে তারা ছাত্রলীগ বলে মারধর করছে তিনমাস আগে প্যারিস রোডে তারাই সাধারণ শিক্ষার্থী পরিচয়ে শিবিরের কর্মসূচিতে অংশ নিয়েছিল।„ অন্যদিকে, ছাত্রদলের বিরুদ্ধে- 'সন্ত্রাসী সংগঠন' হিসেবে নিষিদ্ধ হওয়া ছাত্রলীগের নেতা-কর্মীদেরকে আশ্রয় দেওয়ার পাল্টা অভিযোগ তুলেছেন বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ এবং ছাত্রশিবিরের নেতারা। তারা বলছেন, ছাত্রলীগের অনেক নেতাকর্মীকে কৌশলে আশ্রয় দিয়েছে ছাত্রদল। এমনকি ক্যাম্পাসে সাম্প্রতিক ঘটনায় গ্রেফতার হওয়া আনাস আহাম্মেদ আগে ছাত্রলীগ করলেও সরকার পরিবর্তনের পর ছাত্রদলে যোগ দিয়েছিল বলেও দাবি তাদের। সোমবারের হামলায় ছাত্রশিবিরের সম্পৃক্ততার বিষয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক মেহেদী হাসান বলছেন, "শিবিরের কেউ এতে জড়িত ছিল না। রাকসুর ভাইদের ওপর হামলার খবর পেয়ে আমরা সেখানে যাই।„ ছাত্রদলের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সাধারণ সম্পাদক সালাহউদ্দিন আম্মারও। বিবিসি বাংলাকে তিনি বলছেন, "ছাত্রলীগ করার নানা তথ্য প্রমাণ থাকার পর ছাত্রদল তাদেরকে সংগঠনে নিয়েছে। এখন সেই ছাত্রলীগ কর্মীরাই এখন ছাত্রদলের নাম ব্যবহার করে ক্যাম্পাসে অপতৎপরতা চালাচ্ছে।„ এদিকে, ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রাখতে সব ধরণের পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মাহবুবুর রহমান। সংঘাতের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনী পদক্ষেপ নেওয়া হবে বলেও জানান তিনি। "কার কতটুকু দায়িত্ব, সেটা বুঝতে হবে। এই ধরনের ঘটনা দেখ-ভালের দায়িত্ব সম্পূর্ণরূপে বিশ্ববিদ্যালয় প্রশাসনের, অন্য কারো এখানে দায়িত্ব নেওয়ার সুযোগ নাই। এই ঘটনাটিকে খুবই খারাপ দৃষ্টান্ত হিসেবেই দেখে বিশ্ববিদ্যালয় প্রশাসন,„ বিবিসি বাংলাকে বলেন মি. রহমান। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ নারগীস)

## জাপানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ৭ দশমিক ১ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে ব্যাপক ক্ষয়ক্ষতি

জাপানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ৭ দশমিক ১ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে একটি শপিং সেন্টারের ভেতরে বহু মানুষ আটকা পড়েছেন বলে জানিয়েছে দেশটির কর্তৃপক্ষ। স্থানীয় কয়েকটি গণমাধ্যমের খবরে বলা হয়েছে, ভূমিকম্পের পর কুমামোতো শহরের এইওন মলে একটি বিস্ফোরণের ঘটনাও ঘটেছে। মঙ্গলবার স্থানীয় সময় বিকেলে কিউশু দ্বীপের স্থলভাগে ভূমিকম্পটি আঘাত হানে। এর পরপরই দেড় লাখেরও বেশি মানুষকে নিরাপদ আশ্রয়কেন্দ্রে সরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়। ভূমিকম্পের পর অল্প সময়ের জন্য সুনামি সতর্কতা জারি করা হলেও এক ঘণ্টার মধ্যেই তা প্রত্যাহার করা হয়। জরুরি সেবা বিভাগ জানিয়েছে, কুমামোতো অঞ্চলের এইওন মলের ভেতরে অনেক মানুষ আটকা পড়েছেন। অন্যদিকে কাশিমা শহরের ফায়ার সার্ভিস এক বিবৃতিতে জানিয়েছে, একটি শপিং কমপ্লেক্সের দ্বিতীয় তলা ধসে পড়ায় সেখানে বহু মানুষ আটকা পড়েছেন। বিশ্বের সবচেয়ে ভূমিকম্পপ্রবণ দেশগুলোর একটি জাপান। দেশটিতে প্রতিবছর গড়ে প্রায় দেড় হাজার ভূমিকম্প অনুভূত হয়।(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ আলী আহমেদ)

## কলকাতায় সিজেপির প্রতিবাদ মিছিলে সাংবাদিক নিগ্রহের ঘটনায় ধৃতদের জামিনে মুক্তি

কলকাতায় সিজেপির প্রতিবাদ মিছিলে সাংবাদিকদের নিগ্রহের ঘটনায় যে ১৬ জনকে আটক করেছিল পুলিশ, তাদের সবাইকে মঙ্গলবার জামিন দিয়েছেন আদালত। তবে মঙ্গলবারই দিনের বেলায় এক শুনানির শেষে তাদের দুইদিনের জেল হেফাজত দেন ব্যাঙ্কশাল আদালত। তবে পরে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্তের নির্দেশ হাতে পাওয়ার পরে ধৃতদের আইনজীবীরা আবারও জামিনের আবেদন করলে তাতে সম্মতি দেন আদালত। সুপ্রিম কোর্ট আজ এক পর্যবেক্ষণে জানিয়েছে যে, গত সপ্তাহে দেশজুড়ে চলা ছাত্র বিক্ষোভের সময়ে শিক্ষার্থী ও পুলিশ কর্মকর্তাদের আহত হওয়ার অভিযোগগুলোর বিষয়ে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত প্রয়োজন। সুপ্রিম কোর্ট জানিয়েছে, ঘটনা খতিয়ে দেখে স্পেশাল টাস্ক ফোর্স গঠন করে তদন্ত হতে পারে। এছাড়াও পশ্চিমবঙ্গ-সহ রাজ্যগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে, অপরাধমূলক ব্যাকগ্রাউন্ড নেই এমন ধৃত অপ্রাপ্তবয়স্কদের অবিলম্বে মুক্তি দিতে হবে। এই নির্দেশের পরেই কলকাতার ধর্মতলায় গণ্ডগোলের সঙ্গে জড়িত ১৬ জনকে তাদের আইনজীবীর আবেদনের উপর ভিত্তি করে জামিন দেওয়া হয়। অবশ্য কলকাতা পুলিশ জানিয়েছিল যে, ধৃতদের কেউই নাবালক নন, তবুও হেফাজত থেকে ছেড়ে দেওয়া হয়েছে তাদের। অবশ্য গতকাল পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছিলেন যে, ধৃতদের অ-জামিনযোগ্য ধারায় গ্রেফতার করা হয়েছে। যদিও সুপ্রিম কোর্টে দাখিল হওয়া পিআইএল-এর ভিত্তিতে যে নির্দেশনা দেওয়া হয়েছে, তার ৪ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে, ইতোমধ্যেই দাখিল হওয়া এফআইআর-এর ভিত্তিতে তদন্ত করতে পারবে রাজ্য সরকারগুলি। সিজেপির মুখপাত্র সৌরভ দাস মঙ্গলবার রাতে একটি এক্স পোস্টে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, এই নির্দেশ সিজেপিকে সরকারের দেওয়া প্রতিশ্রুতির সরাসরি বিরোধী।
(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## সদ্য পদত্যাগ করা চুপ্পুর রাষ্ট্রপতি হিসেবে যাত্রা ছিল বিতর্ক ও রাজনৈতিক অনুগত্যের প্রশ্নে আবৃত

মো. সাহাবুদ্দিন চুপ্পুর রাষ্ট্রপতি হিসেবে যাত্রা ছিল শুরু থেকেই ছিল বিতর্ক ও রাজনৈতিক আনুগত্যের প্রশ্নে আবৃত। ২০২৩ সালের ফেব্রুয়ারিতে ক্ষমতাসীন আওয়ামী লীগ যখন সাবেক জেলা ও দায়রা জজ এবং দুর্নীতি দমন কমিশনের সাবেক কমিশনার মো. সাহাবুদ্দিনকে রাষ্ট্রপতি পদে মনোনয়ন দেয়, তখন অনেকের কাছে এটি ছিল একটি রাজনৈতিক সিদ্ধান্ত। সংবিধান অনুযায়ী, রাষ্ট্রপতি রাষ্ট্রের সর্বোচ্চ সাংবিধানিক পদে অধিষ্ঠিত হলেও বাংলাদেশের সংসদীয় ব্যবস্থায় এই পদ মূলত আনুষ্ঠানিক। তবুও এই পদের সবচেয়ে বড়ো শক্তি হলো রাজনৈতিক নিরপেক্ষতা ও নৈতিক মর্যাদা। সমালোচকদের মতে, সাহাবুদ্দিন দায়িত্ব গ্রহণের পর থেকেই সেই নিরপেক্ষ ভাবমূর্তি প্রতিষ্ঠায় ব্যর্থ হন। রাষ্ট্রপতি হওয়ার পর পাবনায় এক অনুষ্ঠানে তিনি নিজেকে আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগের সাবেক কর্মী হিসেবে গর্বের সঙ্গে উল্লেখ করেন। একই সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া একটি ছবি, যেখানে তিনি তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার পায়ে হাত দিয়ে প্রণাম করছেন তাকে আরো বিতর্কের মুখে ফেলে। সমর্থকদের কাছে এটি ব্যক্তিগত শ্রদ্ধার প্রকাশ হলেও, বিরোধীদের কাছে এটি ছিল রাষ্ট্রপতির সাংবিধানিক স্বাধীনতার পরিবর্তে রাজনৈতিক আনুগত্যের প্রতীক। পরবর্তীকালে সামাজিক যোগাযোগ মাধ্যমে তাকে ঘিরে আরো কিছু বিব্রতকর ঘটনা তার ব্যক্তিগত ভাবমূর্তিকে ক্ষতিগ্রস্ত করে।

২০২৪ সালের জানুয়ারির বহুল সমালোচিত জাতীয় সংসদ নির্বাচনের পর রাষ্ট্রপতি হিসেবে তিনি শেখ হাসিনাকে আবারও প্রধানমন্ত্রী হিসেবে শপথ পড়ান। বিরোধী দলগুলোর বর্জনের কারণে নির্বাচনটি দেশের ভেতরে ও আন্তর্জাতিক মহলে গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্নের মুখে পড়েছিল। ফলে রাষ্ট্রপতির ভূমিকাও সমালোচনার বাইরে থাকেনি। অনেক বিশ্লেষকের মতে, তিনি রাষ্ট্রের সাংবিধানিক অভিভাবকের পরিবর্তে তৎকালীন সরকারের সিদ্ধান্ত বাস্তবায়নকারী হিসেবেই বেশি পরিচিত হয়ে ওঠেন। তবে রাজনৈতিক বাস্তবতা নাটকীয়ভাবে পাল্টে যায় ২০২৪ সালের আগস্টে। ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মুখে শেখ হাসিনা দেশ ত্যাগ করলে দীর্ঘদিনের ক্ষমতাসীন সরকারের পতন ঘটে। সেই সংকটময় মুহূর্তে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন চুপ্পু অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে ড. মুহাম্মদ ইউনূসকে শপথ পড়ান। অনেকের কাছে এটি ছিল একটি গুরুত্বপূর্ণ সাংবিধানিক রূপান্তরের অংশ, যা দেশের রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে সহায়ক হয়েছিল। কিন্তু এই ইতিবাচক মূল্যায়ন বেশিদিন স্থায়ী হয়নি। অক্টোবর ২০২৪-এ এক সাক্ষাৎকারে সাহাবুদ্দিন বলেন, শেখ হাসিনা দেশত্যাগের আগে আনুষ্ঠানিক পদত্যাগপত্র তার কাছে জমা দেননি। এই মন্তব্য রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোড়ন তোলে। কারণ এর আগে সেনাপ্রধানসহ রাষ্ট্রের বিভিন্ন দায়িত্বশীল ব্যক্তির বক্তব্যে ভিন্ন ধারণা পাওয়া গিয়েছিল। ছাত্র আন্দোলনের নেতারা এবং গণতন্ত্র পন্থি বিভিন্ন মহল রাষ্ট্রপতির এই বক্তব্যকে নতুন রাজনৈতিক বাস্তবতার সাংবিধানিক বৈধতা নিয়ে প্রশ্ন তোলার প্রচেষ্টা হিসেবে দেখেন। এর ফলে বঙ্গভবনের সামনে বিক্ষোভ, রাষ্ট্রপতির পদত্যাগের দাবি এবং তীব্র রাজনৈতিক উত্তেজনার সৃষ্টি হয়।

অন্তর্বর্তী সরকারও কঠিন সাংবিধানিক বাস্তবতার মুখোমুখি হয়। সংবিধান অনুযায়ী, রাষ্ট্রপতিকে অপসারণের জন্য সংসদে অভিশংসন প্রক্রিয়া প্রয়োজন। কিন্তু তখন কার্যকর সংসদ ছিল না। ফলে রাজনৈতিকভাবে দুর্বল হলেও সাংবিধানিক সীমাবদ্ধতার কারণে সাহাবুদ্দিন চুপ্পু রাষ্ট্রপতির পদে বহাল থাকেন। এই পরিস্থিতি বাংলাদেশের সংবিধানের কিছু কাঠামোগত দুর্বলতাকেও সামনে নিয়ে আসে। বিশেষ করে অন্তর্বর্তী বা সংকটকালীন সময়ে রাষ্ট্রপতির জবাবদিহি নিশ্চিত করার কোনো কার্যকর বিকল্প ব্যবস্থা না থাকার বিষয়টি নতুন করে আলোচনায় আসে। ২০২৬ সালের ফেব্রুয়ারিতে নির্বাচনের মাধ্যমে সংসদীয় শাসন ব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠিত হওয়ার পরও সাহাবুদ্দিন রাষ্ট্রপতির দায়িত্বে বহাল ছিলেন। প্রধানমন্ত্রী তারেক রহমান তার কাছ থেকেই শপথ নেন। কিন্তু সংসদে রাষ্ট্রপতির অতীত ভূমিকা নিয়ে সমালোচনা অব্যাহত থাকে। বিরোধী ও ক্ষমতাসীন উভয়পক্ষের অনেক সদস্যই তার নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলেন এবং অতীত কর্মকাণ্ডকে রাজনৈতিক বিতর্কের বিষয় হিসেবে ব্যবহার করেন। সবশেষে লন্ডনের চিকিৎসাধীন অবস্থায় তার সঙ্গে টেলিফোনে শেখ হাসিনার কথোপকথনের খবর প্রকাশ্যে এলে নতুন করে বিতর্কের সৃষ্টি হয়। যদিও এই ধরনের যোগাযোগের প্রকৃতি ও উদ্দেশ্য নিয়ে ভিন্ন মত থাকতে পারে। তবুও এমন একটি সময়ে এই ঘটনা রাজনৈতিকভাবে অত্যন্ত সংবেদনশীল হয়ে ওঠে। যারা নতুন রাজনৈতিক ব্যবস্থাকে সুসংহত করার পক্ষে ছিলেন, তারা বিষয়টিকে পুরোনো ক্ষমতা কাঠামোর সঙ্গে যোগাযোগ বজায় রাখার ইঙ্গিত হিসেবে দেখেন। ক্রমবর্ধমান রাজনৈতিক চাপের মধ্যে শেষ পর্যন্ত তিনি স্বাস্থ্যগত কারণ দেখিয়ে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেন। সামগ্রিকভাবে মো. সাহাবুদ্দিনের রাষ্ট্রপতিত্ব বাংলাদেশের সাংবিধানিক রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ অধ্যায় হিসেবে বিবেচিত হতে পারে। তার সমর্থকেরা বলতে পারেন, তিনি রাজনৈতিক অস্থিরতার মধ্যে সাংবিধানিক ধারাবাহিকতা বজায় রাখার চেষ্টা করেছিলেন। অন্যদিকে সমালোচকদের মতে, তিনি রাষ্ট্রপতির সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য রাজনৈতিক নিরপেক্ষতা ধরে রাখতে ব্যর্থ হন। ফলে তার মেয়াদকাল, রাষ্ট্রপতির সাংবিধানিক ভূমিকা, ক্ষমতার সীমা এবং রাজনৈতিক প্রভাব মুক্ত থাকার প্রয়োজনীয়তা নিয়ে নতুন করে জাতীয় বিতর্ক সৃষ্টি করেছে। ভবিষ্যতে বাংলাদেশের রাষ্ট্রপতির পদকে আরো কার্যকর ও সার্বজনীন গ্রহণযোগ্য করতে হলে শুধু সাংবিধানিক বিধান নয়, রাজনৈতিক সংস্কৃতিতেও নিরপেক্ষতা, জবাবদিহি এবং প্রাতিষ্ঠানিক মর্যাদার চর্চা আরো শক্তিশালী করা প্রয়োজন।(রেডিও তেহরান: ২৮.০৭.২০২৬ এলিনা, রুবাইয়া)

### ইয়েমেনের সেনাবাহিনীর ড্রোন হামলায় সৌদি আরবের তেল পরিবহণ লাইন ক্ষতিগ্রস্ত

ইয়েমেনের সশস্ত্র বাহিনীর মুখপাত্র ঘোষণা করেছেন, একাধিক ড্রোনের মাধ্যমে সৌদি আরবের পূর্বাঞ্চল থেকে ইয়ানবু পর্যন্ত তেল পরিবহণ লাইন লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। মুখপাত্র ইয়াহইয়া সারি সোমবার বলেন, সৌদি আরবের পূর্বাঞ্চল থেকে অপরিশোধিত তেল সরবরাহ ও পরিবহণের সঙ্গে সংশ্লিষ্ট একাধিক গুরুত্বপূর্ণ স্থাপনা এবং সংবেদনশীল লক্ষ্যবস্তুতে ড্রোন হামলা চালানো হয়েছে। তিনি বলেন, ইয়েমেনের আকাশসীমায় সৌদি বাহিনীর ড্রোন অনুপ্রবেশের জবাব হিসেবেই এই হামলা পরিচালিত হয়েছে। এদিকে, সৌদি আরবের পররাষ্ট্র মন্ত্রণালয় দ্রুত এক বিবৃতি প্রকাশ করে জানায়, দেশটির পূর্বাঞ্চলীয় প্রদেশে অবস্থিত তেল স্থাপনাগুলো হামলার লক্ষ্যবস্তু হয়েছে। বিবৃতিতে দাবি করা হয়, হামলায় ব্যবহৃত ড্রোনগুলো ইরাক থেকে উৎক্ষেপণ করা হয়েছে। সৌদি আরবের পূর্বাঞ্চলীয় প্রদেশে, বিশেষ করে দাম্মাম এলাকায়, একাধিক গুরুত্বপূর্ণ তেল স্থাপনা রয়েছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ নারগীস)

### সৌদি আরবের আবকাইক তেল প্রক্রিয়াকরণ স্থাপনায় অগ্নিকাণ্ড

ব্লুমবার্গ জানিয়েছে, স্যাটেলাইটে ধারণ করা ছবিতে সৌদি আরবের পূর্বাঞ্চলের আবকাইক তেল প্রক্রিয়াকরণ স্থাপনায় অগ্নিকাণ্ডের চিত্র দেখা গেছে। আরব জার্নালের বরাত দিয়ে পার্সটুডে জানায়, ব্লুমবার্গ একটি স্যাটেলাইট-চিত্র বিশ্লেষণকারী প্রতিষ্ঠানের তথ্য উদ্ধৃত করে বলেছে, সোমবার `সেন্টিনেল-২, স্যাটেলাইটে ধারণ করা ছবিতে আবকাইক তেল প্রক্রিয়াকরণ স্থাপনার ভেতরে ধোঁয়া ও অগ্নিকাণ্ডজনিত ক্ষয়ক্ষতির চিহ্ন দেখা যায়। প্রতিবেদন অনুযায়ী, প্রতিদিন প্রায় ৭০ লাখ ব্যারেল অপরিশোধিত তেল প্রক্রিয়াকরণের সক্ষমতা থাকায় এই স্থাপনাটি কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর আগে, ইয়েমেনের সশস্ত্র বাহিনীর মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল ইয়াহিয়া সারি সোমবার একাধিক ড্রোন হামলার কথা জানান। তাঁর দাবি, এসব হামলায় সৌদি আরবের পূর্বাঞ্চল থেকে লোহিত সাগরের ইয়ানবু বন্দরের দিকে বিস্তৃত এলাকায় তেল সরবরাহ ও পরিবহনের সঙ্গে সংশ্লিষ্ট কয়েকটি গুরুত্বপূর্ণ স্থাপনা ও অবস্থান লক্ষ্যবস্তু করা হয়েছে। ইয়াহিয়া সারি দাবি করেন, ইয়েমেনের আকাশসীমা সৌদি আরবের শত্রু ড্রোন দিয়ে লঙ্ঘনের প্রতিক্রিয়ায় এসব হামলা চালানো হয়েছে।

এদিকে, ইয়েমেনের পররাষ্ট্র মন্ত্রণালয় সম্প্রতি সৌদি আরবকে সতর্ক করে বলেছে, ইয়েমানের ওপর অবরোধ অব্যাহত রাখলে কঠোর পরিণতির মুখোমুখি হতে হবে। বিবৃতিতে আরও বলা হয়, গত ১২ বছরে সৌদি বিমান হামলায় নিহত কয়েক হাজার মানুষের রক্ত ইয়েমেনের জনগণ কখনো ভুলবে না। বিবৃতিতে আরও বলা হয়েছে, সৌদি আরবকে বুঝতে হবে- রিয়াদ বিমানবন্দরের পরিস্থিতি যেন সানার বিমানবন্দরের মতো হয় এবং ইয়ানবু, জিজানসহ অন্যান্য বন্দরের পরিস্থিতিও যেন হোদেইদাহ বন্দরের মতো হয়- এমন অবস্থার সৃষ্টি হতে পারে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ নারগীস)

### যুক্তরাষ্ট্রের অন্যায্য দাবি আলোচনায় বারবার প্রত্যাখ্যান করা হয়েছে : গারিবাবাদি

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইন ও আন্তর্জাতিক বিষয়ক উপমন্ত্রী বলেছেন, ইসলামাবাদে আলোচনাযর সময় যুক্তরাষ্ট্র এমন একটি প্রস্তাব দেয়, যাতে অতিরিক্ত ও অগ্রহণযোগ্য দাবি অন্তর্ভুক্ত ছিল। ইরানি প্রতিনিধিদল তা স্পষ্টভাবে প্রত্যাখ্যান করে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইন ও আন্তর্জাতিক বিষয়ক উপমন্ত্রী কাজেম গারিবাবাদি সাম্প্রতিক আলোচনার প্রসঙ্গ তুলে জানান, ইসলামাবাদে আলোচনা শুরু হয়েছিল এবং মার্কিন পক্ষ এমন একটি প্রস্তাব উপস্থাপন করে, যাতে চরমপন্থি ও অতিরিক্ত দাবি ছিল। ইরানি প্রতিনিধিদল সেই প্রস্তাব সরাসরি প্রত্যাখ্যান করে। তিনি আরও বলেন, মার্কিন পক্ষ জানায়, এই প্রস্তাব গ্রহণ না করলে আলোচনাকে ব্যর্থ বলে গণ্য করা হবে এবং তারা ফিরে যাবে। শেষ পর্যন্ত ঠিক তাই ঘটে এবং মার্কিন প্রতিনিধিদল আলোচনা ত্যাগ করে। গারিবাবাদি জোর দিয়ে বলেন, আলোচনার ধারাবাহিকতা বজায় রাখতে ইরানি প্রতিনিধিদলের পক্ষ থেকে কোনো ধরনের অনুরোধ বা অনুনয় করা হয়নি। এটি ছিল ইসলামী প্রজাতন্ত্র ইরানের মর্যাদাপূর্ণ কূটনীতির একটি উদাহরণ।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের এই উপমন্ত্রী হরমুজ প্রণালি-সংক্রান্ত পরিস্থিতির কথাও উল্লেখ করেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের কর্মকাণ্ডের পরিপ্রেক্ষিতে এবং প্রায় দুই সপ্তাহ আগে ইসলামী প্রজাতন্ত্র ইরান পুনরায় হরমুজ প্রণালি বন্ধ করার পর ওমানে আলোচনা অনুষ্ঠিত হয়। তিনি জানান, অপর পক্ষের জোরালো দাবি ছিল- জাহাজ চলাচলের জন্য যে দক্ষিণাঞ্চলীয় পথ খোলা রাখা হয়েছিল, ইরান ও ওমানের মধ্যকার আলোচনা শেষ না হওয়া পর্যন্ত সেটি খোলা রাখা হোক এবং পরে বন্ধ করা হোক। তবে ইরানি প্রতিনিধিদল এই প্রস্তাব গ্রহণ করেনি। তিনি বলেন, ইরান স্পষ্টভাবে জানিয়ে দেয় যে, আলোচনার ফলাফল যাই হোক না কেন, যুদ্ধের শুরু থেকেই ইসলামী প্রজাতন্ত্র ইরানের মৌলিক নীতি নির্ধারিত রয়েছে এবং এ ধরনের প্রস্তাব গ্রহণযোগ্য নয়।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৮.০৭.২০২৬ নারগীস)

## এনএইচকে

### জাপানের দক্ষিণাঞ্চলে ৭.১ মাত্রার শক্তিশালী ভূমিকম্প

জাপানের কিয়ুশু অঞ্চলে অত্যন্ত শক্তিশালী একটি ভূমিকম্প আঘাত হেনেছে। জাপান আবহাওয়া এজেন্সি ওই এলাকায় সুনামি সতর্কতা জারি করেছে। মঙ্গলবার বিকেল ৪টা ২৭ মিনিটে কুমামোতো জেলায় ৭.১ মাত্রার এই ভূমিকম্পটি আঘাত হানে। জাপানের ভূকম্পন তীব্রতা পরিমাপ ক স্কেলে এর তীব্রতা ছিল ৭, যা স্কেলের সর্বোচ্চ সম্ভাব্য পরিমাপযোগ্য মাত্রা। এর আগে, সেখানে সর্বশেষ ভূকম্পন হয়েছিল ২০২৪ সালের ১ জানুয়ারি নোতো উপদ্বীপের ভূমিকম্পের সময়ে। কিয়ুশু ইলেকট্রিক পাওয়ার জানিয়েছে, সাগা জেলার গেনকাই পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে অথবা কাগোশিমা জেলার সেন্দাই পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে এখনো পর্যন্ত কোনো অস্বাভাবিকতা খুঁজে পাওয়া যায়নি। এতে আরও বলা হয়েছে যে, কেন্দ্রগুলোর আশেপাশের বিকিরণের মাত্রা অপরিবর্তিত রয়েছে। কিয়ুশু রেলওয়ে কোম্পানি জানিয়েছে, ভূমিকম্পের কারণে কিয়ুশু শিনকানসেনসহ তাদের সকল ট্রেনের চলাচল স্থগিত করা হয়েছে। উল্লেখ্য, জাপান আবহাওয়া এজেন্সি মঙ্গলবার সন্ধ্যা ৬টা ১০ মিনিটে আরিআকে ও ইয়াৎসুশিরো সাগরের উপকূলীয় এলাকার জন্য জারি করা ৎসুনামি সতর্কতা প্রত্যাহার করে নিয়ে।(এনএইচকে ওয়েব পেজ: ২৮.০৭.২০২৭ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### রাবির তিন শিক্ষার্থীকে দফায় দফায় মারধর

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থীকে দফায় দফায় পিটিয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু) ও শাখা ছাত্রশিবিরের নেতা-কর্মীরা। সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের দপ্তরে প্রথমবার মারধর করা হয়। বিকেলে কেন্দ্রীয় গ্রন্থাগারে কয়েক দফায় একই ঘটনা ঘটে। আহত শিক্ষার্থীরা হলেন- বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী আনাস ও হাসিব এবং সংস্কৃত বিভাগের মাহমুদুল হাসান। বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে তাদের প্রাথমিক চিকিৎসা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর দপ্তর সূত্রে জানা যায়, সংস্কৃত বিভাগের এক ছাত্রীকে প্রেমের প্রস্তাব দেন একই বিভাগের মহসিন আলম নামের এক ছাত্র। প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় ওই ছাত্রীকে মহসিন ভয় দেখান বলে অভিযোগ। এ ছাড়া একাধিক সেলফোন নম্বর থেকে কল করে ওই ছাত্রীকে হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ উঠেছে। রোববার রাতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের কাছে লিখিত অভিযোগ দেন ওই ছাত্রী। অভিযোগের পর তার সঙ্গে কথা বলে রোববার রাতে নিজ কার্যালয়ে বৈঠকে বসেন প্রক্টর অধ্যাপক মাহবুবর রহমান। এ সময় মহসিন আলমের পক্ষে উপস্থিত ছিলেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী আনাস ও হাসিব ও সংস্কৃত বিভাগের মাহমুদুল হাসান। তারা অভিযোগ অস্বীকারের এক পর্যায়ে প্রক্টরের সঙ্গে কথা কাটাকাটি হয়। সোমবার আবার বৈঠক ডাকেন প্রক্টর। অভিযোগ, প্রথমে প্রক্টরের অফিসে ও পরে বিকালে রাকসু ভবনে ওই তিন শিক্ষার্থীকে মারধর করা হয়। আনাসের সেলফোন ঘেঁটে নিষিদ্ধ ছাত্রলীগের নেতা-কর্মীদের সঙ্গে তার ছবি পাওয়া যায় বলেও অভিযোগ। প্রক্টর জানিয়েছেন, পুলিশ আনাস ও হাসানকে গ্রেফতার করেছে। উপাচার্য এই বিষয়ে উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন করবেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৭.২০২৬ রনি)

### বাংলাদেশে সাড়ে সাত বছরে সড়কে ৭,৩৬৪ শিক্ষার্থীর মৃত্যু

বাংলাদেশে ২০১৯ থেকে ২০২৬ সালের জুন মাস পর্যন্ত সাড়ে সাত বছরে সড়ক দুর্ঘটনায় অন্তত সাত হাজার ৩৬৪ জন শিক্ষার্থীর মৃত্যু হয়েছে বলে জানিয়েছে রোড সেফটি ফাউন্ডেশন। এ সংখ্যা এ সময়ে সড়ক দুর্ঘটনায় মোট মৃত্যুর ১৫ দশমিক ১১ শতাংশ বলেও জানিয়েছে তারা। এ সময়ে সারা দেশে সড়ক দুর্ঘটনায় মোট মারা গেছেন ৪৮ হাজার ৭১৩ জন। সড়ক দুর্ঘটনা নিয়ে কাজ করার জন্য পরিচিত এ প্রতিষ্ঠা সড়ক দুর্ঘটনায় শিক্ষার্থী নিহতের ঘটনা পর্যবেক্ষণ করে দেখেছে, নিহতদের ৪৫ দশমিক ১৯ শতাংশই ৫ থেকে ১৭ বছর বয়সি। এই বয়সে নিহত শিক্ষার্থীর মোট সংখ্যা তিন হাজার ৩২৮। তারা মূলত স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থী। ১৮ থেকে ২৫ বছর বয়সি কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নিহত হয়েছেন চার হাজার ৩৬ জন, অর্থাৎ মোট শিক্ষার্থীর ৫৪ দশমিক ৮১ শতাংশ। রোড সেফটি ফাউন্ডেশনের পর্যালোচনায় বলা হয়, কম বয়সি শিক্ষার্থীরা স্কুলে যাওয়া-আসার পথে এবং বাড়ির আশপাশে খেলার সময় অটোরিকশা, বাইক ও পণ্যবাহী যানবাহনের ধাক্কায় বা চাপা পড়ে বেশি নিহত হয়েছে। এমন দুর্ঘটনা গ্রামীণ সড়কেই বেশি ঘটেছে। অন্যদিকে, ১৩ থেকে ২৫ বছর বয়সি শিক্ষার্থীরা বাইকের চালক ও আরোহী হিসেবে বেশি নিহত হয়েছেন। এসব দুর্ঘটনা আঞ্চলিক ও মহাসড়কে বেশি ঘটেছে। বাইসাইকেল আরোহীরা থ্রি-হুইলার, মোটরসাইকেল ও মালবাহী অনিরাপদ যানবাহনের ধাক্কায় গ্রামীণ ও আঞ্চলিক সড়কে বেশি নিহত হয়েছেন। অটোরিকশার চাকায় ওড়না বা পোশাক পেঁচিয়ে দুর্ঘটনার মতো ব্যক্তিগত অসতর্কতার কারণেও প্রাণহানি ঘটেছে। রোড সেফটি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাইদুর রহমান ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, এসব দুর্ঘটনা ”রোধ করা না গেলে ভবিষ্যতের সমৃদ্ধ বাংলাদেশ গড়া সম্ভব নয়।„ তিনি আরো বলেন, ”বক্তৃতা করে এর সমাধান করা যাবে না। এর জন্য দরকার টেকসই পরিবহণ কৌশল এবং এর কঠোর বাস্তবায়ন। স্বার্থবাদী গোষ্ঠী নিজেদের দুর্নীতি ও চাঁদাবাজির স্বার্থে সড়কে বিশৃঙ্খলা বজায় রাখে। তাদের চাপের উর্ধ্বে উঠে সরকারকে কাজ করতে হবে।„
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৭.২০২৬ রনি)

## প্রতিশ্রুতি মানা হবে, ককরোচকে আবার জানালো সরকার

সোমবার দিবাগত রাতে ককরোচ জনতা পার্টির নেতাদের সঙ্গে বৈঠক করলেন কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিরা। এর আগে, ককরোচ জনতা পার্টি (সিজেপি) জানিয়ে দিয়েছিল, কোনো বিক্ষোভকারীর বিরুদ্ধে ব্যবস্থা নিলে বা তাদের বিরুদ্ধে অভিযোগ প্রত্যাহার না করা হলে, তারা আবার আন্দোলন শুরু করবে। সেই আন্দোলন মঙ্গলবার থেকেই শুরু হবে। তারপর গভীর রাতে সরকার ও সিজেপির মধ্যে আবার আলোচনা হয়। রাত ১টা নাগাদ সামাজিক মাধ্যমে সিজেপি মুখপাত্র সৌরভ দাস জানান , সরকার আবার জানিয়েছে, তারা যাবতীয় মামলা প্রত্যাহার , আটকদের মুক্তি দেওয়ারে বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ। এ নিয়ে কেন্দ্রী য় স্তরে এবং বিজেপি ও এনডিএ শাসিত রাজ্য আলাদাভাবে নোটিফিকেশন জারি করবে। সিজেপি জানিয়েছে, কোনো বিক্ষোভকারীকে একা ছেড়ে দেওয়া হবে না। আমরা তাদের সঙ্গে আছি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৭.২০২৬ রনি)

# জাগো নিউজ

## দেশীয় প্রযুক্তির ভেন্টিলেটর তৈরি কারকদের প্রশংসা প্রধানমন্ত্রীর

দেশীয় প্রযুক্তিতে তৈরি ভেন্টিলেটর ও হাই-ফ্লো অক্সিজেন মেশিন তৈরি কারকদের প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এই দুটি মেশিন ব্যবহার উপযোগী ও বাজারজাত করতে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতার আশ্বাসও দেন তিনি। মঙ্গলবার (২৮ জুলাই) বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এক সভায় তিনি এ কথা বলেন। সভায় সংশ্লিষ্টরা দেশীয় প্রযুক্তিতে তৈরি দুটি চিকিৎসা যন্ত্রের কার্যকারিতা , সম্ভাবনা ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। এ সময় প্রধানমন্ত্রী বলেন , স্বাস্থ্যসেবায় আধুনিক প্রযুক্তির বিকাশে সরকা র গবেষণা ও উদ্ভাবনকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা, মান যাচাই এবং উৎপাদনের ক্ষেত্রে সরকার সহযোগিতা দেবে। সভায় জানানো হয়, আলাদা দুইটি বিশেষজ্ঞ দল ভেন্টিলেটর ও হাই -ফ্লো অক্সিজেন মেশিন তৈরি করেছে। প্রয়োজনীয় অনুমোদন ও ক্লিনিক্যাল পরীক্ষা -নিরীক্ষা শেষে এগুলো দেশের সব হাসপাতালে ব্যবহারের পাশাপাশি আন্তর্জাতিক বাজারেও রপ্তানির সম্ভাবনা রয়েছে। দেশীয়ভাবে উৎপাদিত হওয়ায় যন্ত্র দুটি তুলনামূলক কম খরচে বাজারজাত করা সম্ভব হবে, যা স্বাস্থ্যসেবাকে আরও সাশ্রয়ী করতে ভূমিকা রাখবে। বিশেষজ্ঞরা জানান, ভেন্টিলেটর মেশিনটি গুরুতর শ্বাসতন্ত্রের সমস্যায় আক্রান্ত রোগীদের চিকিৎসায় ব্যবহৃত জীবনরক্ষাকারী চিকিৎসা সরঞ্জাম। এ কারণে এর নিরাপত্তা , কার্যকারিতা ও আন্তর্জাতিক মান নিশ্চিত করতে আরও বিস্তৃত পরীক্ষা-নিরীক্ষা করা হবে। অন্যদিকে হাই-ফ্লো অক্সিজেন মেশিনটি শ্বাসতন্ত্রের সাধারণ সমস্যাজনিত রোগীদের জন্য ব্যবহার উপযোগী। এই যন্ত্রের অন্যতম বৈশিষ্ট্য হলো , এটি বৈদ্যুতিক সংযোগ ছাড়াই ব্যবহার করা যায়। ফলে বিদ্যুৎ -সুবিধাবঞ্চিত এলাকা কিংবা জরুরি পরিস্থিতিতে রোগী পরিবহণের সময় অ্যাম্বুলেন্সেও এটি কার্যকরভাবে ব্যবহার করা যাবে। সভায় সংশ্লিষ্টরা বলেন, দেশীয় প্রযুক্তিতে তৈরি এই দুটি চিকিৎসা যন্ত্র সফলভাবে উৎপাদন ও ব্যবহার শুরু হলে বিদেশি প্রযুক্তির ওপর নির্ভরতা কমবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## বাংলাদেশে জাপানি কোম্পানিগুলোর আরও বিনিয়োগ চান প্রধানমন্ত্রী

বাংলাদেশে জাপানি কো ম্পানিগুলোর বিনিয়োগ আরও বাড়ানোর আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পাশাপাশি দু-দেশের মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণে যৌথভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন তিনি। মঙ্গলবার (২৮ জুলাই) দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে তার সঙ্গে জাপানের প্রধানমন্ত্রীর বিশেষ উপদেষ্টা উনো ইয়োশিমাসা সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। পরে প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। বৈঠকে বাংলাদেশ ও জাপানের মধ্যকার কৌশলগত অংশীদারত্ব আরও সুদৃঢ় করা এবং দ্বিপাক্ষিক সম্পর্ক নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার বিষয়ে আলোচনা হয়। এসময় প্রধানমন্ত্রী মানবসম্পদ উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি এবং বিভিন্ন খাতে জাপানের আরও সক্রিয় সহযোগিতা কামনা করেন। তিনি জাপানি ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে বাংলাদেশ থেকে দক্ষ স্বাস্থ্যকর্মী , কৃষিশ্রমিক ও গা ড়িচালক নিয়োগে উদ্যোগ নেওয়ার জন্য জাপানি প্রতিনিধিদলের প্রতি আহ্বান জানান। তারেক রহমান বাংলাদেশে জাপানি কোম্পানিগুলোর বিনিয়োগ আরও বাড়ানোর আহ্বান জানান। একইসঙ্গে নারায়ণগঞ্জের আড়াই হাজারের মতো আরও একটি শিল্পপার্ক স্থাপনে জাপান আগ্রহী হলে বাংলাদেশ সরকা র সর্বাত্মক সহযোগিতা করবে বলে জানান তিনি। বৈঠকে আগামী ১৬ ডিসেম্বর শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের উদ্বোধন এবং চলমান ম্যাস র্যা পিড ট্রানজিট (এমআরটি) প্রকল্পের অগ্রগতিসহ বিভিন্ন অবকাঠামোগত সহযোগিতার বিষয়েও আলোচনা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## জুলাই যোদ্ধা সুজনের ছোট্ট কন্যার জন্য উপহার পাঠালেন প্রধানমন্ত্রী

চব্বিশের ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে আহত জুলাই যোদ্ধা মো. সুজনের নবজাতক শিশুকন্যা সাইফা নুর সুবহার জন্য উপহার পাঠিয়েছেন বিএনপির চেয়ারম্যান ও 'আমরা বিএনপি পরিবার ,-এর প্রধা ন পৃষ্ঠপোষক প্রধানমন্ত্রী তারেক

রহমান। মঙ্গলবার (২৮ জুলাই) `আমরা বিএনপি পরিবার,-এর একটি প্রতিনিধি দল আহত জুলাই যোদ্ধা মো. সুজনের ঢাকার কেরানীগঞ্জের বাসায় যান। `আমরা বিএনপি পরিবার ,-এর উপদেষ্টা ও নরসিংদী -৫ আসনের সংসদ সদস্য ইঞ্জিনিয়ার আশরাফ উদ্দিন বকুলের নেতৃত্বে প্রতিনিধি দলে ছিলেন ঢাকা জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট নিপুণ রায় চৌধুরী এবং `আমরা বিএনপি পরিবার,-এর সদস্য সচিব কৃষিবিদ মোকছেদুল মোমিন মিথুন। প্রতিনিধি দলটি মো . সুজনের নবজাতক শিশুকন্যা সাইফা নুর সুবহার খোঁজ -খবর নেন এবং প্রধানমন্ত্রীর পক্ষে উপহার প্রদান করেন। এছাড়া তারা মো . সুজনের শারীরিক অবস্থা এবং পরিবারের সার্বিক পরিস্থিতি সম্পর্কেও খোঁজ-খবর নেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## মানসম্মত শিক্ষা নিশ্চিত করা সরকারের অগ্রাধিকার: প্রধানমন্ত্রী

দেশের প্রতিটি শিক্ষার্থীর জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করাকে সরকারের অন্যতম অগ্রাধিকার হিসেবে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, শিক্ষাব্যবস্থার প্রতিটি স্তরে গুণগত পরিবর্তন আনতে সমন্বিত উদ্যোগ, কার্যকর তদারকি ও সময়োপযোগী পরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত থাক বে। মঙ্গলবার (২৮ জুলাই) সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনকালে এ কথা বলেন তিনি। দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনে গিয়ে মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করেন প্রধানমন্ত্রী। এ সময় মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা , বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধান এবং মাঠপর্যায়ে দায়িত্ব পালনকারী অভিজ্ঞ শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন প্রধানমন্ত্রী। পর্যালোচনা সভায় শিক্ষা মন্ত্রণালয়ের চলমান কার্যক্রম , বিভিন্ন উন্নয়ন প্রকল্প, শিক্ষা নীতি বাস্তবায়নের অগ্রগতি এবং প্রশাসনিক কার্যকারিতা নিয়ে বিস্তারিত উপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রী এসব কার্যক্রম পর্যালোচনা করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় দিক -নির্দেশনা দেন। সভায় শিক্ষার গুণগত মান বৃদ্ধি , শিক্ষার্থীদের নিয়মিত শ্রেণিকক্ষে উপস্থিতি নিশ্চিতকরণ, কার্যকর পাঠদান, শিক্ষকদের যুগোপযোগী ও ধারাবাহিক প্রশিক্ষণ, প্রযুক্তিনির্ভর শিক্ষা সম্প্রসারণ এবং প্রশাসনিক জবাবদিহি আরও শক্তিশালী করার বিষয়গুলো বিশেষ গুরুত্ব পায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## কৃষক কার্ড, কর্মসংস্থান ও সেমি-কন্ডাক্টরে গুরুত্ব দিচ্ছে সরকার: ডা. জাহেদ উর রহমান

কৃষক কা র্ড কর্মসূচি , কর্মসংস্থান সৃষ্টি , সেমি-কন্ডাক্টর শিল্পে বাংলাদেশের অবস্থান তৈরি ও কক্সবাজারকে সিটি করপোরেশনে উন্নীত করার ওপর সরকার গুরুত্ব দিচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। মঙ্গলবার (২৮ জুলাই) সচিবালয়ে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। জাহেদ উর রহমান জানান , কৃষক কার্ডের পাইলট কর্মসূচির আওতায় দেশের আট বিভাগের ১০টি জেলার ১১টি উপজেলার ১১টি কৃষি ব্লকে ২০ হাজার ৮৩২ জন কৃষকের মধ্যে কৃষক কার্ড বিতরণ করা হয়ে ছে। বর্তমানে পাইলট পর্যায়ে ৫০৩টি উপজেলার ৫০৩টি কৃষি ব্লকে কৃষকদের তথ্য সংগ্রহ চলছে। ২৬ জুলাই পর্যন্ত ৬ লাখ ৭২ হাজার কৃষকের তথ্য সংগ্রহ সম্পন্ন হয়েছে। তিনি বলেন, সরকারের অগ্রাধিকার কর্মসূচির মধ্যে ফ্যামিলি কার্ডের পরই কৃষক কার্ড রয়েছে। এই কার্ডের মাধ্যমে কৃষকদের বিভিন্ন ধরনের সরকারি সহায়তা ও আর্থিক সুবিধা নিশ্চিত করার পরিকল্পনা আছে। একইসঙ্গে কৃষি মন্ত্রণালয় বৃক্ষরোপণ ও খাল পুনঃখনন কর্মসূচি অব্যাহত রেখেছে। উপদেষ্টা জানান, ২০২৬-২৭ অর্থবছরের জন্য ৬৩ দশমিক ৪ বিলিয়ন মার্কিন ডলারের রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। এর মধ্যে পণ্য রপ্তানি ৫৫ দশমিক ২ বিলিয়ন এবং সেবা রপ্তানি ৮ দশমিক ২ বিলিয়ন মার্কিন ডলার। উভয় ক্ষেত্রেই ১৫ শতাংশ প্রবৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে অণু, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ৪৪০ কোটি টাকার বেশি ঋণ বিতরণের উদ্যোগ নেওয়া হয়েছে বলেও জানান তিনি। এ ঋণের ক্ষেত্রে ১০ লাখ টাকা পর্যন্ত কোনো জামানত লাগবে না। ঋণ পরিশোধের সর্বোচ্চ সময় চার বছর এবং ছয় মাস রেয়াতকালসহ ৪৮ মাসে কিস্তিতে ঋণ পরিশোধ করা যাবে। মোট ঋণের কমপক্ষে ২৫ শতাংশ নারী উদ্যোক্তা এবং ২০ শতাংশ এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করা হবে। ডা. জাহেদ বলেন, কর্মসংস্থান সৃষ্টি সরকারের অন্যতম প্রধান অগ্রাধিকার। কৃষি খাতসহ বিভিন্ন ক্ষেত্রে প্রণোদনা ও সহজ ঋণের মাধ্যমে নতুন কর্মসংস্থান তৈরির চেষ্টা চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## চলতি বছরেই শুরু স্থানীয় সরকার নির্বাচন: প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা

চলতি বছরের মধ্যেই স্থানীয় সরকার নির্বাচন শুরু করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। তিনি বলেন, নির্বাচন শুরুর পর ইউনিয়ন পরিষদ পর্যন্ত ধাপে ধাপে ভোট সম্পন্ন করতে প্রায় এক বছর সময় লাগতে পারে। মঙ্গলবার (২৮ জুলাই) সচিবালয়ে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি এসব কথা বলেন। ডা. জাহেদ উর রহমান বলেন, স্থানীয় সরকারমন্ত্রী এরই মধ্যে জানিয়েছেন- এ বছরের মধ্যেই স্থানীয় সরকার নির্বাচন শুরু হবে। নির্বাচন কমিশন অক্টোবরের কথা বললেও সরকার চলতি বছরের মধ্যেই ভোট শুরুর বিষয়ে অঙ্গীকারবদ্ধ। প্রয়োজন হলে সর্বোচ্চ আরও এক থেকে দুই মাস সময় লাগতে পারে , তবে নির্বাচন চলতি বছরেই শুরু হবে। স্থানীয়

সরকার নির্বাচন নিয়ে রাজনৈতিক দলগুলোর অংশগ্রহণ প্রসঙ্গে তিনি বলেন, স্থানীয় সরকার নির্বাচন প্রযুক্তিগতভাবে দলীয় নয়, এখানে ব্যক্তি প্রার্থী হিসেবে অংশগ্রহণ করা হয়। ফলে কোনো রাজনৈতিক দলের পক্ষ থেকে অনিয়মের অভিযোগ উঠলে তা সহজেই যাচাই করা সম্ভব হবে। নির্বাচন কমিশনের সচিবের ভূমিকা নিয়ে প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রীর এ উপদেষ্টা বলেন, নির্বাচন কমিশনের কমিশনাররাই সাংবিধানিক পদধারী। তবে কমিশনের সচিবসহ অনেক কর্মকর্তা জনপ্রশাসন থেকে প্রেষণে দায়িত্ব পালন করেন। তাই সচিবের বদলি বা অন্যত্র দায়িত্ব পাওয়া প্রশাসনিক প্রক্রিয়ারই অংশ। ডা. জাহেদ উর রহমান বলেন, অতীতে আলোচিত ও দীর্ঘদিন স্থবির থাকা হত্যা মামলাগুলোর তদন্তেও সরকার গুরুত্ব দিচ্ছে। উদাহরণ হিসেবে তিনি তনু হত্যা মামলার কথা উল্লেখ করে বলেন, দীর্ঘদিন অগ্রগতি না থাকলেও মামলাটির তদন্ত নতুন করে শুরু হয়েছে। এতে বোঝা যায়, অতীতের হত্যাকাণ্ডগুলোর বিচার নিশ্চিত করতে সরকার আন্তরিকভাবে কাজ করছে। সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যা মামলার প্রসঙ্গে তথ্য উপদেষ্টা বলেন, কোনো সাংবাদিক যদি তার পেশাগত দায়িত্ব পালনের কারণে হত্যার শিকার হয়ে থাকেন, তাহলে তা অত্যন্ত উদ্বেগজনক এবং রাষ্ট্রের জন্যও অশনিসংকেত। এ ধরনের ঘটনার সুষ্ঠু বিচার নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, তদন্ত পরিচালনা সরকারের দায়িত্ব হলেও বিচার ও রায় দেওয়ার বিষয়টি সম্পূর্ণ আদালতের এখতিয়ার। অতীতে তদন্তে বারবার সময় নেওয়ার যে প্রবণতা ছিল, বর্তমান সরকার সেটি থেকে সরে আসতে চায়। তদন্তে কিছুটা সময় লাগতে পারে, তবে অযথা বারবার সময় চাওয়ার সংস্কৃতি বন্ধ করার চেষ্টা করা হবে। জুলাই আন্দোলনে শহিদ ও আহত সাংবাদিকদের বিষয়ে এক প্রশ্নের উত্তরে তথ্য উপদেষ্টা বলেন, তালিকাভুক্ত শহিদদের জন্য সরকারের যে সুবিধা রয়েছে, তারা তা পাওয়ার অধিকারী। পাশাপাশি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনে সাংবাদিকদের কল্যাণে কাজ করারও সুযোগ রয়েছে। তিনি জানান, এ বিষয়ে সাংবাদিকদের প্রস্তাব গ্রহণ করা হয়েছে এবং সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে। ডা. জাহেদ উর রহমান আরও জানান, জুলাই আন্দোলনকে কেন্দ্র করে সরকার বিভিন্ন প্রামাণ্যচিত্র নির্মাণের উদ্যোগ নিয়েছে। এসব প্রামাণ্যচিত্রে শহিদ ও আহত সাংবাদিকদের ভূমিকা এবং তাদের পরিবারের ত্যাগকে আলাদাভাবে তুলে ধরা হবে। একইভাবে সংস্কৃতি ও বিনোদন অঙ্গনের সংশ্লিষ্টদের ভূমিকাও পৃথকভাবে নথিবদ্ধ করার পরিকল্পনা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতির দায়মুক্তি শুধু দায়িত্বকালীন: প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা

রাষ্ট্রপতির সাংবিধানিক আইনি সুরক্ষা কেবল তিনি দায়িত্বে থাকা পর্যন্ত কার্যকর থাকে। দায়িত্ব শেষ হলে প্রয়োজনীয় ক্ষেত্রে তার বিরুদ্ধেও আইনগত ব্যবস্থা নেওয়া সম্ভব- এমনটাই বলেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে মঙ্গলবার (২৮ জুলাই) সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন। সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে দায়মুক্তি দেওয়া হয়েছে কি না? এমন এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, বাংলাদেশের একজন রাষ্ট্রপতি দায়িত্বে থাকা অবস্থায় তার বিরুদ্ধে কোনো আইনি কার্যক্রম শুরু করা যায় না। তবে এই সুরক্ষা কেবল তার দায়িত্বকালীন সময়ের জন্য প্রযোজ্য। তিনি দায়িত্ব ছাড়ার পর, দায়িত্ব গ্রহণের আগে বা পরে সংঘটিত কোনো অভিযোগ বা আইনগত বিষয়ে প্রয়োজন হলে তার বিরুদ্ধেও আইনগত ব্যবস্থা নেওয়া যাবে। তিনি স্পষ্ট করে বলেন, তিনি বর্তমান বিদায়ি রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করে এ মন্তব্য করছেন না, বরং এটি একটি সাধারণ সাংবিধানিক ব্যাখ্যা। এ বিষয়ে যে বিভ্রান্তি ছিল, তা দূর হবে বলেও আশা প্রকাশ করেন তিনি। আদালতের স্বাধীনতা নিয়ে এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রীর এই উপদেষ্টা বলেন, আদালত সরকার নয়, আদালত একটি স্বাধীন প্রতিষ্ঠান। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালসহ সব আদালতেই জনগণ ন্যায়বিচারের জন্য যেতে পারেন। তিনি বলেন, কোনো কোনো মামলায় সরকার একটি পক্ষ হতে পারে, তবে আদালত স্বাধীনভাবেই সিদ্ধান্ত দেয়। আবার অনেক ক্ষেত্রেই সরকার কোনো মামলার পক্ষও থাকে না। তিনি আরও বলেন, সরকারের বিরুদ্ধেও অসংখ্য রিট হয় এবং উচ্চ আদালতে বহু মামলায় সরকার পরাজিত হয়। তাই সরকার বিচার প্রক্রিয়ায় হস্তক্ষেপ করছে, এমন অভিযোগের ভিত্তি নেই।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## জামায়াত এমপি গোলাম রসুলের বাড়ি ঘেরাও, ভাঙচুরের অভিযোগ

যশোর-৪ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির অধ্যাপক গোলাম রসুলের বাসভবন ঘেরাও করে হামলা ও ভাঙচুরের অভিযোগ পাওয়া গেছে। এসময় স্থানীয়রা যশোর-নড়াইল মহাসড়ক অবরোধ করেও বিক্ষোভ করেন। মঙ্গলবার (২৮ জুলাই) বেলা ১১টার দিকে যশোর শহরের নীলগঞ্জ এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় একাধিক সূত্র জানায়, যশোর শহরের নীলগঞ্জ এলাকার আল মাদরাসাতুশ শারইয়াহ ও সংশ্লিষ্ট মসজিদকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। এ বিরোধের জের ধরে সোমবার (১৭ জুলাই) সকালে এমপি গোলাম রসুল ও তার মেয়ে অনন্যার বিরুদ্ধে মাদরাসার শিশু শিক্ষার্থী আয়ান এবং রেক্সোনা নামে এক নারীর ওপর হামলার অভিযোগ ওঠে। এ ঘটনাকে কেন্দ্র করে সোমবার রাতে দুইপক্ষের মধ্যে মীমাংসা হয়। তবে মঙ্গলবার সকালে মাদরাসা খুললে গোলাম রসুল তা বন্ধ রাখতে বলেন বলে অভিযোগ ওঠে। এরপরই স্থানীয়রা ক্ষুব্ধ হয়। প্রতিবাদে বেলা ১১টার দিকে তারা

একত্রিত হয়ে এমপির বাড়ির সামনে অবস্থান নেন এবং বিক্ষোভ শুরু করেন। বিক্ষোভকারীদের দাবি, মাদরাসাটি বন্ধ করে দেওয়ার হুমকি দেওয়া হয়েছে, যা স্থানীয়দের মধ্যে ক্ষোভের সৃষ্টি করেছে। তারা এ ঘটনার সুষ্ঠু তদন্ত এবং অভিযুক্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান। তাদের অভিযোগ, ওই মাদরাসার শিক্ষার্থীদের সঙ্গে সব সময়ই গোলাম রসুল ও তার মেয়ে খারাপ আচরণ করছেন। প্রত্যক্ষদর্শীরা জানান, বিক্ষোভ চলাকালে বেলা সাড়ে ১১টার দিকে বিষয়টি মীমাংসার উদ্দেশ্যে গোলাম রসুলের এক স্বজন ঘটনাস্থলে এলে বিক্ষুব্ধ জনতার একাংশ তার ওপর চড়াও হয়। এ সময় তাকে মারধরের ঘটনাও ঘটে। পরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে বিক্ষোভকারীরা যশোর-নড়াইল মহাসড়ক অবরোধ করে স্লোগান দেন। তারা এমপি গোলাম রসুল ও তার মেয়ের বিচারের দাবিতে সড়কে অবস্থান করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## সড়কে শৃঙ্খলা ফেরাতে বসবে এক হাজার `প্লাগ অ্যান্ড প্লে, ক্যামেরা

রাজধানীর সড়কে শৃঙ্খলা ফেরাতে `প্লাগ অ্যান্ড প্লে, পদ্ধতির এক হাজার ক্যামেরা বসানোর উদ্যোগ নিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ট্রাফিক বিভাগ। এরই মধ্যে ৩০০ ফিট (পূর্বাচল) এলাকায় এসব ক্যামেরা বসানোর কাজ শুরু হয়েছে। মঙ্গলবার (২৮ জুলাই) রাজধানীর মোহাম্মদপুর বাসস্ট্যান্ডে ট্রাফিক ডাইভারশন পরিদর্শনে গিয়ে এসব কথা বলেন ডিএমপির ট্রাফিক বিভাগের অতিরিক্ত পুলিশ কমিশনার মো. আনিছুর রহমান। আনিছুর রহমান বলেন, এই পরিবর্তনের ফলে এখানকার মানুষের ভোগান্তি কিছুটা কমবে বলে আমরা আশা করছি। রাস্তার সক্ষমতা তুলনামূলক কম হলেও যানবাহনের চাপ অনেক বেশি। তাই রাস্তার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে মানুষের দুর্ভোগ কমানোর চেষ্টা করা হয়েছে। `প্লাগ অ্যান্ড প্লে, ক্যামেরা প্রসঙ্গে তিনি বলেন, ঢাকার বিভিন্ন পয়েন্টে এ ধরনের নতুন ক্যামেরা বসানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এআই ক্যামেরা তুলনামূলক ব্যয়বহুল হওয়ায় বাজেটের সীমাবদ্ধতার মধ্যে দ্রুত বেশি জায়গা কভার করতে এই পদ্ধতি বেছে নেওয়া হয়েছে। তিনি বলেন, এসব ক্যামেরায় থাকা মেমোরি কার্ডে সরাসরি ভিডিও রেকর্ড হবে। পরে সেই ভিডিও পর্যালোচনা করে আইন অমান্যকারীদের বিরুদ্ধে মামলা দেওয়া হবে। পরিকল্পনা অনুযায়ী, ঢাকা শহরের গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে ধাপে ধাপে প্রায় এক হাজার এ ধরনের ক্যামেরা স্থাপন করা হবে। তিনি জানান, এরই মধ্যে ৩০০ ফিট সড়কের বিভিন্ন স্থানে ক্যামেরা বসানোর কাজ শুরু হয়েছে। বর্তমানে চালু থাকা এআই ক্যামেরা সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, এখন ১৬টি পয়েন্টে মোট ৩৭টি ক্যামেরা সচল রয়েছে এবং সেগুলো কার্যকরভাবে পরিচালিত হচ্ছে। সেমি-অটোমেটিক ট্রাফিক সিগনাল প্রসঙ্গে মো. আনিছুর রহমান বলেন, বর্তমানে ১৩টি সিগন্যালে এ ব্যবস্থা চালু রয়েছে। তবে সবসময় তা সচল রাখা সম্ভব হয় না। যান্ত্রিক ত্রুটি, ভারী বৃষ্টি বা অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে কখনও কখনও সিস্টেম বন্ধ রাখতে হয়। তিনি বলেন, একই শহরে মোটরচালিত ও অ-মোটরচালিত যানবাহনের সমন্বয় করা অনেক সময় কঠিন হয়ে পড়ে। ফলে কিছু ক্ষেত্রে বাধ্য হয়ে সিগন্যাল ব্যবস্থা বন্ধ রাখতে হয়। তিনি আরও বলেন, নির্দেশনা অনুযায়ী খুব অল্প সময়ের মধ্যে ঢাকা উত্তর সিটি করপোরেশনের আওতায় আরও ৫০টি সিগন্যাল চালুর প্রস্তুতি নেওয়া হচ্ছে। প্রয়োজনীয় অবকাঠামো প্রস্তুত হলেই সেগুলো চালু করা হবে। সড়কে শব্দদূষণের বিষয়ে অতিরিক্ত পুলিশ কমিশনার বলেন, অনেক সময় যানজট না থাকলেও অ্যাম্বুলেন্সসহ বিভিন্ন যানবাহন অপ্রয়োজনে হুটার বাজায়। অতিরিক্ত শব্দদূষণ ট্রাফিক পুলিশের জন্য মারাত্মক ক্ষতিকর। এতে শ্রবণশক্তি ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি মানসিক চাপ, মাথাব্যথা, পিঠের ব্যথাসহ নানা শারীরিক সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি বলেন, এ ক্ষতি অর্থ দিয়ে পূরণ করা সম্ভব নয়। তাই সবাইকে মিলে শহরকে বাসযোগ্য রাখতে হবে। শৃঙ্খলা না ফিরলে ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য শহর রেখে যাওয়া সম্ভব হবে না। এ কারণে অবৈধ হুটার, হাইড্রোলিক হর্ন ও অবৈধ লাইট ব্যবহারের বিরুদ্ধে অভিযান চলছে। তবে নিয়ম ভাঙার প্রবণতা এখনো অনেক বেশি। এ অবস্থা থেকে উত্তরণে সবার সচেতনতা ও সহযোগিতা প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## `শুধু আইন করে নয়, জনসচেতনতার মাধ্যমেই মাদক নির্মূল সম্ভব, : মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, শুধু আইন প্রয়োগ কিংবা শাস্তি দিয়ে মাদক নির্মূল করা সম্ভব নয়। এ জন্য সমাজের সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। মঙ্গলবার (২৮ জুলাই) দুপুরে ঠাকুরগাঁও জেলা প্রশাসকের কার্যালয়ে মাদকের অপব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং সামাজিক প্রতিরোধ গড়ে তোলার লক্ষ্যে আয়োজিত মাদকবিরোধী সচেতনতামূলক সভা শেষে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, "আমরা মাদকবিরোধী অভিযান শুরু করেছি। আমাদের লক্ষ্য, সবাইকে সঙ্গে নিয়ে এ কার্যক্রমকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করা। শুধু আইন করে কিংবা শাস্তি দিয়ে মাদক নির্মূল করা সম্ভব নয়।„ তিনি আরও বলেন, ঠাকুরগাঁওয়ে যে পদক্ষেপগুলো নেওয়া হচ্ছে, সেগুলোর মাধ্যমে ইতিবাচক ফল পাওয়া যাবে বলে আশাবাদী। এ ক্ষেত্রে প্রশাসনের পাশাপাশি শিক্ষক, অভিভাবক, জনপ্রতিনিধি, সামাজিক সংগঠন এবং সাধারণ জনগণকে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক রফিকুল হক, পুলিশ সুপার বেলাল হোসেন, জেলা বিএনপি সভাপতি মির্জা ফয়সল আমিন, সাধারণ সম্পাদক পয়গামসহ অন্যরা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## দক্ষিণ আফ্রিকায় দোকানে আগুন, ৬ বাংলাদেশি নিহত

দক্ষিণ আফ্রিকায় আগুনে পুড়ে ৬ বাংলাদেশি নিহত হয়েছেন। দেশটির ই স্টার্ন কেপ প্রদেশে একটি দোকানে আগুন লেগে এই দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় আহত হয়েছেন আরও একজন। নিহত ৬ বাংলাদেশি নারায়ণগঞ্জ সদর উপজেলার আলিরটেক ইউনিয়নের কুকেরচর ও চর আলীরটেক এলাকা এবং বক্তাবলী ইউনিয়নের রামনগর এলাকার বাসিন্দা। মঙ্গলবার (২৮ জুলাই) স্থানীয় সময় ভোর ৩টার দিকে কুইন্স টাউনের ওই দোকানে আগুন লাগে। আগুন লাগার সময় দোকানের ভেতরে ঘুমিয়ে ছিলেন বাংলাদেশিরা। এতে ঘটনাস্থলেই প্রাণ হারান ৬ জন। আহত একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। নারায়ণগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম ফয়েজ উদ্দিন বলেন, কয়েকজন মারা যাওয়ার কথা শুনেছি। তবে আমাদের কাছে এখনও অফিসিয়াল কোনো তথ্য আসেনি। আমরা খোঁজ -খবর নিয়ে দেখছি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## নির্দোষ হয়েও আজ অপরাধী : আদালতে আইভী

নারায়ণগঞ্জ সদর থানার দায়ের করা পুলিশের গাড়ি ভাঙচুর মামলায় আদালতে হাজিরা দিয়েছেন নারায়ণগঞ্জ সি টি করপোরেশনের সাবেক মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী। মঙ্গলবার (২৮ জুলাই) বেলা ১১টায় নারায়ণগঞ্জের অতিরিক্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোহাম্মদ নুরুল হুদা চৌধুরীর আদালতে হাজিরা দেন তিনি। হাজিরার সময় ডা. সেলিনা হায়াৎ আইভী বেশ হাসিখুশি ছিলেন। নেতা -কর্মী ও অনুসারী দের সঙ্গে কথা বলেন। সেইসঙ্গে নেতা -কর্মী ও পুলিশ বেষ্টনীর মধ্যদিয়ে তিনি আদালতে প্রবেশ করেন। আদালতে প্রবেশের সঙ্গে সঙ্গে তার আবেদনের শুনানি হয়। শুনানি শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ডা . সেলিনা হায়াৎ আইভী মুচকি হেসে বলেন , "নির্দোষ হয়েও আজ অপরাধী। সবসময় নারায়ণগঞ্জে প্রতিবাদ করেছি। আমি সর্বক্ষণ প্রতিবাদ করেছি হত্যার বিরুদ্ধে , অত্যাচারের বিরুদ্ধে, জুলুমের বিরুদ্ধে, আর আজকে আমিই অপরাধী। যাই হোক আল্লাহ আছে , আমার নারায়ণগঞ্জবাসী আছে , তারা দেখবে। আপনারা আছেন, দেখবেন।„ হাজিরা প্রসঙ্গে তার আইনজীবী অ্যাডভোকেট আওলাদ হোসেন বলেন, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভীর নারায়ণগঞ্জ সদর থানার মামলায় হাজিরা ছিল। এই মামলায় তিনি জামিনে রয়েছেন। আইন -শৃঙ্খলা পরিস্থিতি সার্বিক বিবেচনায় আসামির পরিবর্তে আইনজীবী হাজিরা প্রদান করবে এই মর্মে আবেদন করা হয়েছিল। সেই আবে দনের শুনানির প্রেক্ষিতে আদালত আবেদন মঞ্জুর করেছেন। এর আগে, গত বছরের ৯ মে ভোরে নারায়ণগঞ্জ শহরের দেওভোগের নিজ বাসা থেকে আইভীকে গ্রেফতার করে পুলিশ। পরে তাকে বৈষম্যবিরোধী ছাত্র -জনতার আন্দোলনের ঘটনায় হওয়া তিনটি হত্যা মামলা ও দুটি হত্যাচেষ্টা মামলায় গ্রেফতার দেখানো হয়। পরে আরও পাঁচটি মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়। এরপর আরও দুইটি মামলায় আইভীকে গ্রেফতার দেখানো হয়। এসব মামলায় তিনি দীর্ঘদিন কারাভোগ করার পর গত ৩ জুন জামিনে মুক্তি পান।(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিক ইস্যুতে জনস্বার্থেই সিদ্ধান্ত নেবে সরকার

টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিক পাওয়া যাওয়ার প্রসঙ্গে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান বলেছেন, সরকার জনগণের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সব ধরনের সিদ্ধান্ত নেবে। মঙ্গলবার (২৮ জুলাই) সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। দেশের বাজারে বিক্রি হওয়া ২৬টি টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিক পাওয়া যাওয়ার বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন , সরকার বিষয়টিকে গুরুত্বের সঙ্গে দেখছে। তবে এটি শুধু টুথপেস্টের সমস্যা নয় ; বরং একটি বৈশ্বিক জনস্বাস্থ্য সংকট। তিনি বলেন, টুথপেস্ট ব্যবহার না করলেও বিভিন্ন উৎস থেকে সৃষ্ট মাইক্রোপ্লাস্টিক খাবার ও পানির মাধ্যমে মানুষের শরীরে প্রবেশ করছে। তাই শুধু একটি পণ্যের বিরুদ্ধে ব্যবস্থা নিলেই সমস্যার সমাধান হবে না। এ জন্য সমন্বিত পদক্ষেপ প্রয়ো জন। বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলো ব্যবস্থা নেবে বলেও তিনি আশা প্রকাশ করেন। ডা. জাহেদ উর রহমান বলেন, জনগণের স্বাস্থ্যসচেতনতা বেড়েছে এবং সামাজিক যোগাযোগমাধ্যমেও এ বিষয়ে ব্যাপক আলোচনা হচ্ছে। জনগণের ভোটে নির্বাচিত সরকার অবশ্যই জনগণের স্বার্থে প্র য়োজনীয় পদক্ষেপ নেবে। সম্প্রতি একটি বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট ঘটনায় এক সংবাদ সম্মেলনে প্রমাণ ছাড়াই একজন প্রতিমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করার প্রসঙ্গে প্রশ্ন করা হলে তিনি বলেন , যিনি অভিযোগ করেছেন , তিনি থানায় এজাহার দিয়েছেন। এখন তদন্ত হবে। তদ ন্তের ভিত্তিতে চার্জশিট (অভিযোগপত্র) বা চূড়ান্ত প্রতিবেদন দেওয়া হবে। এরপর আইনগত প্রক্রিয়ায় ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হলে সাংবাদিকদের বা জনগণের সামনে এসে নিজের বক্তব্য তুলে ধরতে পারেন। তবে প্রমাণ ছাড়া কারও বিরুদ্ধে প্রকাশ্যে অভিযোগ করা উচিত নয়। এতে অভিযুক্ত ব্যক্তির সামাজিক মর্যাদা ও জনসম্মুখে ভাবমূর্তি ক্ষুণ্ন হতে পারে। তিনি আরও বলেন , এটি শুধু মন্ত্রী বা প্রতিমন্ত্রীর ক্ষেত্রেই নয় , যে-কোনো নাগরিকের ক্ষেত্রেই প্রযোজ্য। অভিযোগের পক্ষে নথিপত্র বা প্রমাণ থাকা জরুরি। কেউ সংক্ষু ব্ধ হলে আইন অনুযায়ী প্রতিকার পাওয়ার সুযোগ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## ঢাকায় ডিএমপির অভিযানে ২৪ ঘণ্টায় গ্রেফতার ৫১৬

রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৫১৬ জন গ্রেফতার হয়েছে। একই সময়ে ৪০টি মামলা দায়ে র করা হয়েছে। মঙ্গলবার (২৮ জুলাই) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশ নস বিভাগের অতিরিক্ত উপ -পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন, রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে মাদকদ্রব্য উদ্ধারসহ ৫১৬ জনকে গ্রেফতার করা হয়। একই সময়ে ৪০টি মামলা দায়ের করা হয়েছে। গ্রেফতারকৃতদের মধ্যে ডিএমপির রমনা বিভাগ কর্তৃক ৩৫ জন, লালবাগ বিভাগ ৩০ জন, ওয়ারী বিভাগ ৪৬ জন, মতিঝিল বিভাগ ৯৬ জন, তেজগাঁও বিভাগ ৭৯ জন, মিরপুর বিভাগ ১১৫ জন, গুলশান বিভাগ ৫১ জন, উত্তরা বিভাগ ৫১ জন, গোয়েন্দা বিভাগ কর্তৃক ১২ জন ও সিটি টিসি কর্তৃক একজনকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## ট্রাকের গোপন চেম্বার থেকে ৭ হাজার ৮৫০ ইয়াবা উদ্ধার, চালক আটক

চট্টগ্রামের সাতকানিয়া উপজেলায় অভিযান চালিয়ে একটি ট্রাক থেকে ৭ হাজার ৮৫০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে র্যাব-৭। এ সময় মাদক পরিবহণের অভিযোগে ট্রাকচালক মো. কামাল উদ্দিন সিকদার (৫০)-কে আটক করা হয়। জব্দ করা হয়েছে মাদক পরিবহণে ব্যবহৃত ট্রাকটি। মঙ্গলবার (২৮ জুলাই) র্যাব-৭ চট্টগ্রামের সহকারী পরিচালক (মিডিয়া) সহকারী পুলিশ সুপার এ আর এম মোজাফফর হোসেন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তি তে এ তথ্য জানানো হয়। র্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে, কক্সবাজার থেকে একটি ট্রাকে করে ইয়াবার চালান চট্টগ্রামের দিকে আনা হচ্ছে। এ তথ্যের ভিত্তিতে সোমবার (২৭ জুলাই) সকাল সাড়ে ১১টার দিকে সাতকানিয়া উপজেলার বিওসি মোড় এলাকায় বায়তুশ শরফ মসজিদের সামনে কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়কে অস্থায়ী চেকপোস্ট বসিয়ে যানবাহনে তল্লাশি চালানো হয়। এ সময় ঢাকা মেট্রো-ট-১৬-৩৫০৪ নম্বরের একটি ট্রাক থামিয়ে তল্লাশি চালিয়ে চালক মো. কামাল উদ্দিন সিকদারকে আটক করা হয়। তিনি কক্সবাজার জেলার উখিয়া উপজেলার মধ্যম হলদিয়া এলাকার বাসিন্দা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনের বৈধতা চ্যালেঞ্জের রিট খারিজ

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন, ১৯৭৩ (সংশোধিত)-এর সাংবিধানিক বৈধতা চ্যালেঞ্জ করে করা রিট আবেদন খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। এ বিষয়ে শুনানি নিয়ে মঙ্গলবার (২৮ জুলাই) হাইকোর্টের বিচারপতি খিজির আহমেদ চৌধুরী ও বিচারপতি মো. জিয়াউল হকের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। রিটের পক্ষে সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী মুহাম্মদ মহসিন রশিদ নিজেই শুনানি করেন। জ্যেষ্ঠ আইনজীবী মহসিন রশিদের করা রিট আবেদনে ১৯৭৩ সালের আইনটিকে `অপ্রচলিত,, `কার্যকারিতাহীন, ও `রাজনৈতিক প্রতিপক্ষ দমনের হাতিয়ার, হিসেবে আখ্যায়িত করে তা বাতিলের পদক্ষেপ নিতে সরকারের প্রতি নির্দেশনা চাওয়া হয়েছিল। আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের দুই সচিবকে রিটে বিবাদী করা হয়। এতে বলা হয়, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি দখলদার বাহিনীর সংঘটিত অপরাধের বিচারের জন্য একটি নির্দিষ্ট সময়ের এখতিয়ার দিয়ে ১৯৭৩ সালের এই আইন প্রণয়ন করা হয়েছিল। এর মূল উদ্দেশ্য বা রেশিও লেগিস ছিল মুক্তিযুদ্ধে পাক হানাদার বাহিনীর সহযোগীদের বিচার নিশ্চিত করা। কিন্তু পরবর্তীতে সম্পাদিত শিমলা চুক্তি ও ত্রিপক্ষীয় দিল্লি চুক্তির মাধ্যমে সব যুদ্ধব ন্দির নিঃশর্ত প্রত্যাবাসন ঘটে। ফলে এই আইনের অধীনে বিচারের সম্ভাবনা তখনই শেষ হয়ে যায়। রিটে আরও বলা হয়, অকার্যকর আইনটিকে ২০০৯ সাল থেকে রাজনৈতিক উদ্দেশ্যে পুনরুজ্জীবিত করা হয় এবং তৎকালীন বিরোধীদলের নেতা দের লক্ষ্য করে `বিচারিক হত্যার, মাধ্যমে রাজনৈতিক প্রতিপক্ষ নির্মূলে এটি ব্যবহার করা হয়। আবেদনকারীর মতে, এই আইনের প্রয়োগ সংবিধানের ৩১ অনুচ্ছেদ (আইনের আশ্রয় লাভের অধিকার) এবং ৩৫ অনুচ্ছেদের (বিচার ও দণ্ড সম্পর্কে রক্ষণ ) স্পষ্ট লঙ্ঘন। তাছাড়া সংবিধানের ৯৪(৩) অনুচ্ছেদ অনুযায়ী সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারকরা কেবল হাইকোর্ট বিভাগেই আসন গ্রহণ করতে পারেন। হাইকোর্ট বিভাগের বিচারক দিয়ে ট্রাইব্যুনালের বিচারকাজ পরিচালনা সংবিধান পরিপন্থি। কিন্তু তা করে বিচার বিভাগের স্বাধীনতা ও আইনের শাসনকে হুমকির মুখে ফেলা হয়েছে বলে উল্লেখ করা হয়েছিল রিটে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## সম্পদের হিসাব না দেওয়ায় সাবেক ডেপুটি গভর্নর এস কে সুরের৩ বছরের জেল

সম্পদের হিসাব বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে জমা না দেওয়ার দায়ে বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর সিতাংশু কুমার সুর চৌধুরীকে (এস কে সুর) তিন বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। মঙ্গলবার (২৮ জুলাই) ঢাকার বিশেষ জজ আদালত-২-এর বিচারক আয়েশা নাসরিন এ রায় ঘোষণা করেন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) কৌঁসুলি আবুল কালাম আজাদ জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। আদালত সূত্রে জানা গেছে, আজ সকালে কারাগার থেকে এস কে সুরকে আদালতে হাজির করা হয়। রায় ঘোষণার পর আবার তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন বিচারক। এর আগে, গত ১৫ জুলাই উভয়পক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শেষে আদালত রায়ের জন্য এদিন

নির্ধারণ করেন। শুনানিতে দুদকের পক্ষে প্রসিকিউটর আবুল কালাম আজাদ আ সামির সর্বোচ্চ তিন বছরের সাজা দাবি করেন। অন্যদিকে আসামিপক্ষের আইনজীবী সরোজ কুমার হাওলাদার খালাস প্রার্থনা করেন। বিচার চলাকালে আদালতে সাত সাক্ষীর সাক্ষ্য নেওয়া হয়। এস কে সুর ২০১৮ সালের জানুয়ারিতে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর পদ থেকে অবসর নেন। আলোচিত প্রশা ন্ত কুমার হালদারের (পি কে হালদার ) আর্থিক কেলেঙ্কারির ঘটনায় নাম জড়িয়ে পড়ার পর ২০২২ সালে তার বিরুদ্ধে অনুসন্ধান শুরু করে দুদক। ওই বছরের মার্চে তাকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করা হয়। পরবর্তীতে ২০২৫ সালের ১৪ জানুয়ারি রাজধানীর সেগুনবাগিচা এলাকা থেকে দুদকের এনফোর্সমেন্ট টিম তাকে গ্রেফতার করে। এরপর থেকেই তিনি কারাগারে রয়েছেন। দুদকের অভিযোগ, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর হিসেবে দায়িত্ব পালনকালে এনআরবি গ্লোবাল ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক পি কে হালদার -সংশ্লিষ্ট ঋণ কেলেঙ্কারিতে তিনি সহযোগিতা ও বিভিন্ন সুবিধা নিয়েছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## ড্রোন আতঙ্কে ৯ হাজার নটিক্যাল মাইল বেশি ঘুরে ক্রুড আনছে বিপিসি

ইরানি মিসাইল ও ড্রোন হামলায় নাস্তানাবুদ আরব বিশ্বের মার্কিন সামরিক স্থাপনা। লোহিত সাগরেও রয়েছে ইরানি ড্রোন হামলার আতঙ্ক। ড্রোনের ভয়ে ৯ হাজার নটিক্যাল মাইল বেশি পথ ঘুরে সৌদি আরব থেকে অপরিশোধিত তেল (ক্রুড অয়েল) আনছে বাংলাদেশ শিপিং করপোরেশন (বিএসসি)। সূত্র জানায়, গত ২৩ জুলাই এমটি নিনেমিয়া জাহাজটি সৌদি আরবের ইয়ানবু বন্দর থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে যাত্রা করেছে। জাহাজটি বর্তমানে সুয়েজ খাল অতিক্রম করে জিব্রা ল্টার প্রণালির দিকে যাচ্ছে। দক্ষিণ আফ্রিকার কেপ অব গুড হোপ হয়ে সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে জাহাজটি চট্টগ্রামে আসার কথা রয়েছে। বিপিসির মালিকানাধীন প্রতিষ্ঠান ইস্টার্ন রিফাইনারি পিএলসির (ইআরএল) প্রয়োজনীয় আমদানি করা অপরিশোধিত তেল পরিবহণ করে রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান বিএসসি। ১ লাখ টন অপরিশোধিত তেলবাহী এমটি নিনেমিয়া স্বাভাবিক সময়ে ৪ হাজার ২শ নটিক্যাল মাইল দূরত্ব অতিক্রম করে দেশে আসে। এবার এ রুটের পরিবর্তে ১৩ হাজার ১২৯ নটিক্যাল মাইল পথ পাড়ি দিয়ে বাংলাদেশে আসবে। বিএসসির ভাষ্য অনুযায়ী, স্বাভাবিক সময়ে সৌদি আরবের ইয়ানবু থেকে লোহিত সাগর দিয়ে বাব আল মান্দেব প্রণালি হয়ে (লোহিত সাগর ও এডেন উপসাগরের সংযোগস্থল ) বিপিসির আমদানি করা ক্রুডবাহী জাহাজ ভারত মহাসাগর হয়ে বাংলাদেশে আসতো। কিন্তু লোহিত সাগর ও বাব আল মান্দেবে বাণিজ্যিক জাহাজে হামলার ঝুঁকি থাকায় রুট পরিবর্তন করে এমটি নিনেমিয়াকে সুয়েজ খাল-জিব্রাল্টার ও দক্ষিণ আফ্রিকার উত্তামাশা অন্তরীপ (কেপ অব গুড হোপ) হয়ে বাংলাদেশে আসত। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## দুর্গম পাহাড়ে হামের হানা, হাজার ছাড়িয়েছে আক্রান্ত

বান্দরবানের রুমায় হামের প্রাদুর্ভাব ব্যাপক আকার ধার ণ করেছে। গত ১৫ দিনে হামের উপসর্গে আট শিশুর মৃত্যুর খবর পাওয়া গেছে। এ নিয়ে চলতি বছরে আলীকদম ও রুমা উপজেলায় এই রোগের উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১৩ জন। আক্রান্তের সংখ্যা হাজারেরও বেশি। মঙ্গলবার (২৮ জুলাই) দুপুরে এসব তথ্য নিশ্চিত করেন বান্দরবানের সিভিল সার্জন ডা. মোহাম্মদ শাহীন হোসাইন চৌধুরী। রুমায় হামের উপসর্গ নিয়ে মারা যাওয়া শিশুরা হলো ফ্রেলেএং খুমী (৫), খ্রেপা খুমী (১১), শইফ্রা খুমী (৫), প্রেটেম এং খুমী (৬), পলিএং খুমী (৯) প্রেটেমএং খুমী (৭), কুপাও ম্রো (১৩) এবং পও এং খুমি (৭)। এর আগে আলীকদমে এই রো গের উপসর্গ নিয়ে পাঁচজনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছিল। স্থানীয় সূত্রে জানা যায়, রুমা উপজেলার সদর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের দুর্গম লেতং খুমী পাড়ায় হামের উপসর্গ নিয়ে অসুস্থ এক শিশুর হাসপাতালে নেওয়ার পথে মৃত্যু হয়েছে। এ নিয়ে গত ১৫ দিনে ওই পাড়ায় হামের উপসর্গে মৃ ত শিশুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে আটজনে। বর্তমানে রুমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একই উপসর্গ নিয়ে আরও ১৩ শিশু চিকিৎসাধীন। এর আগে, আলীকদমের কুরুকপাতা এলাকায় হাম রোগের উপসর্গ নিয়ে পাঁচ শিশুর মৃত্যুর খবর পাওয়া গিয়েছিল। এ নিয়ে জেলায় চলতি বছরে হামের উপসর্গ নিয়ে বে সরকারি হিসেবে মৃতের সংখ্যা পৌঁছেছে ১৩ জনে। স্বজনদের দাবি, চিকিৎসার অভাবেই একই উপসর্গ নিয়ে শিশুদের মৃত্যু হয়েছে। ভোগান্তির কথা তুলে ধরে রুমা উপজেলার লেতং খুমী পাড়ার বাসিন্দা অং সাই খুমী জানান , রুমা উপজেলা সদর থেকে প্রায় ৩০-৩৫ কিলোমিটার দূরে অবস্থিত লেতং খুমী পাড়া অত্যন্ত দুর্গম। মোটরসাইকেল একটি নির্দিষ্ট স্থান পর্যন্ত যাওয়ার পর আরও তিন থেকে চার ঘণ্টা পাহাড়ি পথ ও ঝিরিপথ পায়ে হেঁটে সেখানে পৌঁছাতে হয়। যোগাযোগব্যবস্থা না থাকায় এখনো নিয়মিত চিকিৎসক বা মেডিকেল টিম পৌঁছাতে পারে না। ফলে অসুস্থ শিশুদের দ্রুত হাসপাতালে আনা সম্ভব হচ্ছে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## দুই দিনে ১৯ বিশ্ববিদ্যালয়ে ২৫ শীর্ষ পদে নিয়োগ দিলো সরকার

দেশের ১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২৫টি শীর্ষ প্রশাসনিক পদে নিয়োগ দিয়েছে সরকার। এরমধ্যে ৬ জন উপাচার্য, ১১ জন উপ-উপাচার্য এবং ৮ জন কোষাধ্যক্ষকে নিয়োগ দেওয়া হয়েছে। সোম ও মঙ্গলবার (২৮ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ পৃথক পৃথক প্রজ্ঞাপনের মাধ্যমে এ নিয়োগের তথ্য প্রকাশ করে। প্রজ্ঞাপনে বলা হয়, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় আইন এবং রাষ্ট্রপতির অনুমোদনক্রমে এসব নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগ প্রাপ্তরা

যোগদানের তারিখ থেকে নির্ধারিত মেয়াদে দায়িত্ব পালন করবেন এবং সংশ্লিষ্ট আইন ও বিধি অনুযায়ী তাদের দায়িত্ব , ক্ষমতা ও সুযোগ-সুবিধা নির্ধারিত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## জুলাইয়ে ২৭ দিনে রেমিট্যান্স এলো আড়াই বিলিয়ন ডলার

চলতি ২০২৬-২৭ অর্থবছরের ২৭ দিন দেশে ২ দশমিক ৫২ বিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। এসময়ে বৈধপথে প্রবাসী আয় বেড়েছে ২০ দশমিক ২ শতাংশ, যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় ৪২ কোটি ৫০ লাখ ডলার বেশি। রেমিট্যান্সের ওপর ভর করে ভালো অবস্থায় রয়েছে রিজার্ভ (৩৬ দশমিক ৪৫ বিলিয়ন ডলার) বা বৈদেশিক মুদ্রার মজুতও। যদিও গত সপ্তাহের তুলনায় (৩৬ দশমিক ৪৮ বিলিয়ন ডলার) কিছুটা কমেছে। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন অনুযায়ী, ১ থেকে ২৭ জুলাই পর্যন্ত দেশে মোট ২৫২ কোটি ৪০ লাখ (২ দশমিক ২৯৯ বিলিয়ন) মার্কিন ডলার রেমিট্যান্স এসেছে। দেশীয় মুদ্রায় (প্রতি এক ডলার ১২২ টাকা হিসাবে) যার পরিমাণ প্রায় ৩০ হাজার ৭৯৩ কোটি টাকা। গত ২০২৫-২৬ অর্থবছরের (জুলাইয়ের ২৭ দিনে) একই সময়ে এর পরিমাণ ছিল ২০৯ কোটি ৯০ লাখ ডলার। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, এর আগে চলতি মাসের প্রথম পাঁচদিনে রেমিট্যান্স এসেছিল ৫৬ কোটি ৭০ লাখ ডলার। মাসজুড়ে ধারাবাহিকভাবে রেমিট্যান্স প্রবাহ অব্যাহত থাকায় ২১ দিনের মাথায় মোট প্রবাসী আয় পৌঁছেছে ২০৯ কোটি ৫০ লাখ ডলার আর সেটি ২৭ দিনে ২৫২ কোটি ৪০ লাখ ডলারে দাঁড়িয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## ফরিদপুরে ঘুস নেওয়া সেই ভূমি কর্মকর্তাকে বদলি

ফরিদপুরের নগরকান্দা উপজেলার ডাঙ্গী ইউনিয়ন ভূমি অফিসের উপ -সহকারী কর্মকর্তার বিরুদ্ধে সেবা দেওয়ার বিনিময়ে ঘুস নেওয়ার অভিযোগে বিভাগীয় ব্যবস্থা নিয়েছে প্রশাসন। তাকে বর্তমান কর্মস্থল থেকে বদলি করে জেলা প্রশাসকের কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। মঙ্গলবার (২৮ জুলাই) বিকেলে জেলা প্রশাসক কার্যালয়ের এক চিঠির মাধ্যমে বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। নগরকান্দা উপজেলা ভূমি অফিস সূত্রে জানা যায় , ডাঙ্গী ইউনিয়ন ভূমি অফিসের ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা সারোয়ার হোসেনের বিরুদ্ধে গত ১৭ জুলাই অফিস চলাকালে এক সেবাগ্রহীতার কাছ থেকে অর্থ গ্রহণের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। এ ঘটনায় মঙ্গলবার তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল ) বিধিমালা অনুযায়ী কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। একইসঙ্গে তিন কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দিতে নির্দেশ দেওয়া হয়। অফিস আদেশে বলা হয়েছে, উল্লিখিত ঘটনার পরিপ্রেক্ষিতে সারোয়ার হোসেনকে ডাঙ্গী ইউনিয়ন ভূমি অফিস থেকে জেলা প্রশাসকের কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি সেখানে দায়িত্ব পালন করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## সারজিস-পাটওয়ারীর ওপর হামলার প্রতিবাদে রাতে বাংলামোটরে এনসিপির বিক্ষোভ

হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা-কর্মীদের ওপর হামলার প্রতিবাদে রাজধানীতে বিক্ষোভ মিছিল করার ঘোষণা দিয়েছে দলটি। মঙ্গলবার (২৮ জুলাই) রাতে রাজধানীর বাংলামোটর মোড়ে এ কর্মসূচি পালন করেন এনসিপির ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের নে তা-কর্মীরা। রাত সাড়ে ১০টায় বাংলামোটর মোড় থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়। রাতে গণমাধ্যমে পাঠানো এক বার্তায় এনসিপি জানায় , হবিগঞ্জে এনসিপি নেতাকর্মীদের ওপর হামলার প্রতিবাদে তাৎক্ষণিক বিক্ষোভ মিছিলের কর্মসূচি নেওয়া হয়েছে। এতে দলের নেতাকর্মীদের পাশাপাশি গণমাধ্যমক র্মীদেরও উপস্থিত থাকার আহ্বান জানানো হয়। তবে হামলার অভিযোগের বিষয়ে বিএনপির পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## জুলাই সনদের আলোকে নতুন রাষ্ট্রপতি নির্বাচনের দাবি ইসলামী আন্দোলনের

নতুন রাষ্ট্রপতি নির্বাচন জুলাই সনদের আলোকে করার দাবি জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন , নতুন বন্দোবস্তে দেশ পরিচালনার প্রত্যাশায় জুলাই গণ -অভ্যুত্থান হয়েছিল। জুলাইয়ের প্রত্যাশার কিয়দাংশ জুলাই সনদে বর্ণিত হয়েছে। সেখানে রাষ্ট্রপতি নিয়োগের বিষয়ে যে-সব ধারায় সবাই ঐকমত্য হয়েছে, তার আলোকেই নতুন রাষ্ট্রপতি নির্বাচন হতে হবে। মঙ্গলবার (২৮ জুলাই) পটুয়াখালী জেলা ইসলামী আন্দোলন বাংলাদেশের জেলা সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এই দাবি জানান তিনি। গাজী আতাউর রহমান আরও বলেন, সংবিধান সংশোধন না হওয়ার অজুহাতে আগের বন্দোবস্তে রাষ্ট্রপতি নির্বাচন করা হলে তা উৎসর্গিত রক্তের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হবে। প্রয়োজনে আগামী অধিবেশনের শুরুতে সংবিধান সংশোধন করুন এবং তার ভিত্তিতে রাষ্ট্রপতি নির্বাচন করুন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## পাবনায় বিএনপি-জামায়াত উত্তেজনা, অতিরিক্ত পুলিশ মোতায়েন

পাবনার সাঁথিয়ায় জুমার নামাজে ইমামতি নিয়ে দ্বন্দ্বে পাল্টাপাল্টি রাজনৈতিক কর্মসূচিকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের মুখোমুখি অবস্থানে উত্তেজনা বিরাজ করছে। এর জেরে বিএনপির বিক্ষোভ মিছিল

পণ্ড হয়েছে। অনাকাঙ্ক্ষিত পরিস্থি তি এড়াতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। মঙ্গলবার (২৮ জুলাই) রাত ৮টার দিকে সাঁথিয়ার পৌর এলাকার তিন রাস্তার মোড়ে এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেন সাঁথিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনিসুর রহমান। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত শুক্রবার (২৪ জুলাই) সাঁথিয়ার পৌর এলাকার আফতাবনগর জামে মসজিদে স্থানীয় সংসদ সদস্য ও নিজামীপুত্র ব্যারিস্টার নাজিবুর রহমান মোমেন জুমার নামাজে ইমামতি করতে চান। এসময় বিএনপি অনুসারীরা তাতে আপত্তি জানালে তৎক্ষণাৎ হাতাহাতির ঘটনা ঘটে। এ নিয়ে জামায়াত ও বিএনপির পাল্টাপাল্টি অভিযোগ ও কর্মসূচির একপর্যায়ে আজ সংবাদ সম্মেলন করেন বিএনপি নেতাকর্মীরা। এতে জামায়াত এমপি মোমেনের বিরুদ্ধে রাজনৈতিক আধিপত্য প্রতিষ্ঠায় ধর্মীয় প্রতিষ্ঠানকে ব্যবহার ও পরিকল্পিত নৈরাজ্য সৃষ্টির অভিযোগ আনা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## মহেশখালীতে চীনা কোম্পানির ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপনে সায় সরকারের

কক্সবাজারের মহেশখালীর কুতুবজোমে একটি ভাসমান তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সংরক্ষণ ও পুনঃগ্যাসীকরণ টার্মিনাল স্থাপনের লক্ষ্যে চীনা প্রতিষ্ঠান চায়না ন্যাশনাল এনার্জি ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেডের প্রস্তাব জিটুজি পদ্ধতিতে প্রক্রিয়াকরণের নীতিগত অনুমোদন দিয়েছে সরকার। মঙ্গলবার (২৮ জুলাই) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় -সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক সূত্রে জা না গেছে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উত্থাপিত প্রস্তাব অনুযায়ী, কুতুবজোমে ভাসমান এলএনজি টার্মিনাল স্থাপনের লক্ষ্যে চীনা কোম্পানির প্রস্তাবটি সরকারি ক্রয় আইন , ২০০৬-এর ৬৮ ধারা এবং সরকারি ক্রয় বিধিমালা , ২০২৫-এর ৯৯(২) ও ১০৭(২) বিধি অনুযায়ী জিটুজি পদ্ধতি তে প্রক্রিয়াকরণের জন্য নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। কমিটির সুপারিশ অনুযায়ী , এ প্রস্তাব বাস্তবায়নের মাধ্যমে জিটুজি কাঠামোর আওতায় প্রকল্পটির পরবর্তী কার্যক্রম এগিয়ে নেওয়া হবে। বর্তমানে দেশে আমদানি করা এলএনজি রূপান্তর করে সরবরাহের জন্য কক্সবাজারের মহেশ খালীতে দুটি ভাসমান টার্মিনাল রয়েছে। যার একটি টার্মিনাল পরিচালনা করে মার্কিন কোম্পানি এক্সিলারেট এনার্জি আর অন্যটি বেসরকারি কোম্পানি সামিট। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## `মানসিক অসুস্থ, কন্যার আচরণে এমপির বাড়িতে হামলা গ্রহণযোগ্য নয়: জামায়াত

যশোর-৪ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির গোলাম রসুলের বাড়িতে হামলা ও ভাঙচুরের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। হামলার পেছনে বিএনপির নেতা -কর্মীদের মদদ ছিল বলে দাবি করেছেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। এ ঘটনায় জড়ি তদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় আনার আহ্বান জানিয়েছেন তিনি। মঙ্গলবার (২৮ জুলাই) এক বিবৃতিতে এ আহ্বান জানান মিয়া গোলাম পরওয়ার। `মানসিকভাবে অসুস্থ, কন্যার আচরণে এমপির বাড়িতে হামলা গ্রহণযোগ্য নয় বলেও মন্তব্য করেন সাবেক এ সংসদ সদস্য। বিবৃতিতে তিনি বলেন, মঙ্গলবার বেলা ১১টার দিকে যশোর শহরের নীলগঞ্জ এলাকায় যশোর-৪ আসনের সংসদ সদস্য গোলাম রসুলের বাসায় উদ্দেশ্যপ্রণোদিত ও পরিকল্পিতভাবে একদল সন্ত্রাসী হামলা ও ভাঙচুর চালিয়েছে। তিনি এ ঘটনার জন্য বিএনপি নেতাকর্মীদের মদদ রয়েছে বলে অভিযোগ করেন। জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, একজন সংসদ সদস্যের বাসায় এ ধরনের হামলা আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাবে। হামলার সঙ্গে জড়িত ব্যক্তি ও উসকানিদাতাদের অবিলম্বে শনাক্ত করে বিচারের আওতায় আনার দাবি জানান তিনি। বিবৃতিতে গোলাম পরওয়ার দাবি করেন , সংসদ সদস্য গোলাম রসুলের এক মেয়ে মানসিকভাবে অ সুস্থ এবং তিনি ভারতসহ দেশের বিভিন্ন স্থানে চিকিৎসাধীন। তার ভাষ্য অনুযায়ী , ওই মেয়ের একটি আচরণকে কেন্দ্র করে , যা এরই মধ্যে মীমাংসিত ইস্যু, এ ধরনের হামলার ঘটনা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি আরও বলেন , সংসদ সদস্য ঘটনার ব্যাখ্যা দেওয়ার পরও `মব, উসকে দেওয়ার বিশেষ উদ্দেশ্য ছিল বলে তাদের ধারণা। মিয়া গোলাম পরওয়ার বলেন , বাংলাদেশ জামায়াতে ইসলামী দেশের আইন-শৃঙ্খলার প্রতি শ্রদ্ধাশীল। দুর্বৃত্তায়ন বা `মব, সৃষ্টি করে দলটিকে বিতর্কিত করতে সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন গণমাধ্যমে লক্ষ্যভিত্তিক অপপ্রচার চালানো হচ্ছে বলেও তিনি অভিযোগ করেন। তিনি ঘটনার প্রকৃত তথ্য যাচাই করে সংবাদ প্রকাশ এবং জনগণকে বিভ্রান্ত না করার জন্য গণমাধ্যমের প্রতি আহ্বান জানান। একইসঙ্গে আইন -শৃঙ্খলা বাহিনীকে দায়িত্বশীল ভূমিকা পালনেরও আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে টুথপেস্টের অনুমোদন দেওয়া হয়: বিএসটিআই

আন্তর্জাতিক সব মানদণ্ড অনুসরণ করেই সব ধরনের টুথপেস্টের অনুমোদন দেওয়া হয় বলে জাগো নিউজকে জানিয়েছেন বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশনের (বিএসটিআই) প্রকাশনা শাখার সম্পাদক মঈনুদ্দীন মিয়া। অনুমোদনকালে মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতি পরীক্ষা করা হয় কি না - এমন প্রশ্নের জবাবে তিনি বলেন , দেশে মাইক্রোপ্লাস্টিক সংক্রান্ত নীতিমালার বিষয়টি সম্পূর্ণ নতুন। রাজধানীর বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান এনভায়রনমেন্ট অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (ইএসডিও) এক গবেষণা প্রতিবেদনে দেশের বাজারে থাকা ৩৪টি

টুথপেস্টের নমুনার মধ্যে ২৬টিতেই মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতির দাবি করা হয়। এ নিয়ে দেশজুড়ে তোলপাড় শুরু হলে উচ্চ আদালত থেকেও বিষয়টি সত্যতা যাচাইয়ের নির্দেশনা দেওয়া হয়। ঘটনার দু -দিন পর অবশেষে মুখ খুলেছেন বিএসটিআই কর্মকর্তারাও। মঈনুদ্দীন মিয়া টুথপেস্টের মাইক্রোপ্লাস্টিক নিয়ে জনগণকে আতঙ্কিত না হওয়ার পরামর্শ দিয়ে বলেন, "বৈজ্ঞানিক যাচাই-বাছাইয়ের মাধ্যমে বিএসটিআই প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। „ তিনি জোর দিয়ে বলেন, "যে-কোনো পরীক্ষায় প্লাস্টিকজাত ক্ষুদ্র কণা পাওয়া গেলেই সেটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ইচ্ছাকৃত সংযোজন বা মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন সিদ্ধান্তে পৌঁছানো এখনই সমীচীন নয় ।„ বিএসটিআই মঙ্গলবার (২৮ জুলাই) এক বিজ্ঞপ্তিতে জানায়, গবেষণার ফল প্রকাশের পর বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হচ্ছে। সংস্থাটি ইতোমধ্যে ইএসডিওর কাছে গবেষণার পূর্ণাঙ্গ তথ্য , পরীক্ষাপদ্ধতি, র-ডাটা এবং প্রয়োজনীয় কারিগরি তথ্য চেয়েছে। একইসঙ্গে উৎপাদনকারী ও আমদানিকারকদের কাছ থেকে কাঁচামাল, পণ্যের উপাদান ও সিনথেটিক পলিমার ব্যবহারের তথ্য সংগ্রহ করা হচ্ছে। সংস্থাটি আরও জানায়, তারা নিজ উদ্যোগে বাজার ও কারখানা থেকে নমুনা সংগ্রহ করে দেশি -বিদেশি স্বীকৃত পরীক্ষাগারে পুনরায় পরীক্ষা করাবে। এই পরীক্ষাকে বলা হচ্ছে `স্বাধীন নিশ্চিতকরণ পরীক্ষা,। পুনঃপরীক্ষায় কোনো পণ্য বাংলাদেশ স্ট্যান্ডার্ড পূরণে ব্যর্থ হলে বা অনুমোদনহীন উপাদান ব্যবহারে র প্রমাণ মিললে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তবে পূর্ণাঙ্গ বৈজ্ঞানিক ও আইনগত যাচাই ছাড়া কোনো ব্র্যান্ডকে অনিরাপদ বা নিম্নমানের ঘোষণা করা হবে না বলে নিশ্চিত করেছে সংস্থাটি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## শেখ হাসিনার মরদেহও দেশের মাটি গ্রহণকরবে না : জবি প্রক্টর

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ক্যাম্পাস ও এর আশপাশে কোনো ধরনের কার্যক্রম পরিচালনা করতে দেওয়া হবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মোহাম্মদ নাসির উদ্দিন। তিনি বলেন , "জগন্নাথবাসী এই নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের একজনকেও সহ্য করবে না। „ এ সময় শেখ হাসিনাকে উদ্দেশ্য করে অধ্যাপক মোহাম্মদ নাসির উদ্দিন বলেন , "বাংলাদেশ আপনার মরদেহ পর্যন্ত নেবে না। এই দেশের মানুষ শেখ হাসিনার মরদেহও দেশের মাটিতে নেবে না। „ মঙ্গলবার (২৮ জুলাই) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রী য় মিলনায়তনে জাতীয় ছাত্রশক্তি বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত `জুলাই গণ-অভ্যুত্থান : স্ফুলিঙ্গ থেকে চলমান বিপ্লব, শীর্ষক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। জুলাই গণ -অভ্যুত্থানের চেতনা তুলে ধরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) প্রক্টর অধ্যাপক মো হাম্মদ নাসির উদ্দিন বলেন , "বিপ্লব এখনো শেষ হয়নি। সেই স্পিরিট আমাদের ধরে রাখতে হবে। „ তিনি দাবি করেন , দেশের বিভিন্ন স্থানে নিষিদ্ধ ঘোষিত কিছু সংগঠন নতুন করে সাংগঠনিক তৎপরতা চালানোর চেষ্টা করছে। এ প্রসঙ্গে তিনি বলেন , "আজকাল বিভিন্ন জায়গায় নিষিদ্ধ ঘোষিত সংগঠনগুলো মাঝে মাঝে ব্যানার নিয়ে দুই মিনিটের জন্য দাঁড়ায় এবং বলে তাদের আন্দোলন চলমান। আমি বলতে চাই, জগন্নাথের আশপাশে এ ধরনের কিছু হলে একজনও যেতে পারবে না , যতজনই আসুক না কেন। „ প্রক্টর আরও বলেন, যারা এখনো নিষিদ্ধ রাজনীতির সঙ্গে সম্পৃক্ত রয়েছেন , তাদের উচিত, অতীতের ভুল থেকে শিক্ষা নেওয়া। ক্যাম্পাসে অস্থিতিশীলতা সৃষ্টির কোনো অপচেষ্টা জগন্নাথবাসী প্রতিহত করবে। জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের স্মরণ করে তিনি বলেন , তাদের আত্মত্যাগের মধ্যদিয়েই দেশের রাজনৈতিক বাস্তবতায় পরিবর্তন এসেছে। সেই আত্মত্যাগের চেতনা ধারণ করে বৈষম্যহীন ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তুলতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## টিআইবির ট্রাস্টি বোর্ডের সদস্য হলেন অধ্যাপক ড সেলিম রায়হান

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) ট্রাস্টি বোর্ডের নতুন সদস্য হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বি ভাগের শিক্ষক ও সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিংয়ের (সানেম) নির্বাহী পরিচালক অধ্যাপক ড. সেলিম রায়হান। মঙ্গলবার (২৮ জুলাই) অনুষ্ঠিত টিআইবি ট্রাস্টি বোর্ডের ১২৮তম সভায় তাকে নতুন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে টিআই বি। সংস্থাটি জানায়, আগামী তিন বছর তিনি ট্রাস্টি বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। অধ্যাপক সেলিম রায়হান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর এবং যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। বর্তমানে তিনি গ্লোবাল ডেভেলপমেন্ট নেটওয়ার্কের (জিডিএন) পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি ইউনিভার্সিটি অব ম্যানচেস্টারের সম্মানসূচক সিনিয়র রিসার্চ ফেলো এবং হার্ভা র্ড বিশ্ববিদ্যালয়ের `কাটিং এজ অব ডেভেলপমেন্ট থিংকিং, কর্মসূচির অ্যালামনাই। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## সামাজিক সুরক্ষায় সরকারের উদ্যোগের প্রশংসা আইআরসির

মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা . এ জেড এম জাহিদ হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটির (আইআরসি) ডেপুটি রিজিওনাল ডিরেক্টর (এশিয়া) হাসিনা রহমান। এসময় সামাজিক সুরক্ষায় সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেন তিনি। মঙ্গলবার (২৮ জুলাই) সচিবালয়ে মন্ত্রীর

অফিস কক্ষে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ইয়াসমীন পারভীন উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে সামাজিক নিরাপত্তা কর্মসূচি, বাল্যবিয়ে প্রতিরোধ, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ, জরুরি স্বাস্থ্য সেবা, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা, দুর্যোগকালীন ও পূর্বে ঝুঁকি কমানোর জন্য প্রশিক্ষণ ও নারীর অর্থনৈতিক ক্ষমতায়নসহ বিভিন্ন বিষয়ে কারিগরি ও অভিজ্ঞতা বিনিময় সংক্রান্ত আলোচনা হয়। সাক্ষাৎকালে মন্ত্রী আইআরসিকে মহান মুক্তিযুদ্ধসহ দীর্ঘদিনের অব্যাহত সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া শুধু দেশের দক্ষিণাঞ্চলেই নয়, সমগ্র বাংলাদেশে তাদের কাজ করার আহ্বান জানান। ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেন, বর্তমান সরকার নির্বাচনি ইশতেহারে নারী এবং শিশু সম্পর্কে যে-সব অঙ্গীকার করেছে, সেগুলো বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ। এরই মধ্যে বিভিন্ন কার্যক্রম শুরু হয়েছে, প্রধানমন্ত্রী তারেক রহমান নিয়মিত এসব বিষয়ের অগ্রগতির খোঁজ-খবর নিচ্ছেন। মন্ত্রী বাংলাদেশের নারীদের কেয়ার ইকনোমিতে অংশগ্রহণের জন্য তাদের বিভিন্ন প্রশিক্ষণের বিষয়ে আইআরসিকে সহায়তার আহ্বান জানান। এ বিষয়ে আইআরসির প্রতিনিধি ইতিবাচক মনোভাব ব্যক্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## বাংলাদেশ জরিপ অধিদপ্তর পরিদর্শন প্রতিরক্ষা উপদেষ্টার

বাংলাদেশ জরিপ অধিদপ্তর পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম। মঙ্গলবার (২৮ জুলাই) রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত বাংলাদেশ জরিপ অধিদপ্তর পরিদর্শন করেন তিনি। এ সময় অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আজিজুর রউফ তাকে স্বাগত জানান। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, পরিদর্শনকালে প্রতিরক্ষা উপদেষ্টাকে জাতীয় মানচিত্র প্রণয়ন ও হালনাগাদ, আন্তর্জাতিক সীমানা জরিপ, ভূস্থানিক তথ্য সংগ্রহ, স্যাটেলাইট চিত্র বিশ্লেষণ এবং ডিজিটাল এলিভেশন মডেল প্রস্তুতসহ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। এ সময় তিনি বলেন, নির্ভুল ও হালনাগাদ মানচিত্র উন্নয়ন পরিকল্পনা, অবকাঠামো নির্মাণ, দুর্যোগ ব্যবস্থাপনা, সীমান্ত ব্যবস্থাপনা ও জাতীয় নিরাপত্তার গুরুত্বপূর্ণ ভিত্তি। সরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে ভূস্থানিক তথ্যের সমন্বয় এবং নিয়মিত হালনাগাদের উপরও তিনি গুরুত্বারোপ করেন। প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম প্রশিক্ষণে জরিপ ও ভূস্থানিক জ্ঞানের ব্যবহার বৃদ্ধি, দেশীয় ডিজিটাল ম্যাপিং অ্যাপ্লিকেশন তৈরির সম্ভাবনা যাচাই এবং ভূকৌশলগত গুরুত্বপূর্ণ এলাকার হাল নাগাদ তথ্য নিয়মিত সংগ্রহ ও বিশ্লেষণের নির্দেশনা দেন। পাশাপাশি ঢাকা ও চট্টগ্রামের ডিজিটাল এলিভেশন মডেল আগামী চার মাসের মধ্যে সম্পন্ন করে পরবর্তী পর্যায়ে সিলেট ও কুমিল্লায় কাজ শুরুর নির্দেশ দেন। পরিদর্শন শেষে তিনি বলেন, উন্নত ও নিরাপদ বাংলাদেশ গড়তে সঠিক তথ্যভিত্তিক পরিকল্পনার বিকল্প নেই। নির্ভুল মানচিত্র ও আধুনিক ভূস্থানিক তথ্য সেই পরিকল্পনার পথনির্দেশক। এসময় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. আশরাফ উদ্দিন এবং বাংলাদেশ জরিপ অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

## কম দামে ইউরিয়া সার দিতে চায় রাশিয়া

বাংলাদেশের খাদ্য নিরাপত্তা জোরদার এবং দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে সহযোগিতা বাড়ানোর বিষয়ে অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে রাশিয়া। রাশিয়া থেকে কম দামে ইউরিয়া সারসহ প্রয়োজনীয় খাদ্যপণ্য আমদানির বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে দেশটি। মঙ্গলবার (২৮ জুলাই) বাংলাদেশ সচিবালয়ে বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদিরের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রদূত (দায়িত্বপ্রাপ্ত) ভিয়াচেস্লাভ সেন্টিউরিনের নেতৃত্বাধীন একটি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকে শিল্প মন্ত্রণালয়ের সচিব আব্দুন নাসের খানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে দুই দেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং ক্রমবর্ধমান অর্থনৈতিক অংশীদারিত্বের বিষয়ে আলোচনা হয়। বিশেষ গুরুত্ব পায় খাদ্য নিরাপত্তা, কৃষি সহযোগিতা, সার সরবরাহ এবং সরকার-টু-সরকার (জি২জি) বাণিজ্য সম্প্রসারণ। বৈঠকে খন্দকার আবদুল মুক্তাদির বাংলাদেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে নিয়মিত গম ও মিউরিয়েট অব পটাশ (এমওপি) সার সরবরাহে রাশিয়ার সহযোগিতার প্রশংসা করেন। তিনি বলেন, রাশিয়া বাংলাদেশের বিশ্বস্ত বন্ধু। আগামী দিনে দুই দেশের মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা আরও সম্প্রসারিত হবে বলেও আশা প্রকাশ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## প্রধানমন্ত্রীর সঙ্গে আনোয়ার ইব্রাহিমের ফোনালাপ

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এসময় দেশের গ্যাস সংকট সমাধানে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী। মঙ্গলবার সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। প্রতিমন্ত্রী বলেন, "ভাসমান এলএনজি টার্মিনালে দুর্ঘটনার কারণে কয়েকদিন ধরে আমদানি করা গ্যাস সরবরাহ ব্যাহত

হচ্ছে। সংকট নিরসনে মালয়েশিয়ার একটি কারিগরি বিশেষজ্ঞ দল কাজ করছে।„ তিনি জানান, আগামী সপ্তাহের শুরুতেই দৈনিক ২৮০ থেকে ৩০০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ পুনরায় চালু হওয়ার আশা করা হচ্ছে। এছাড়া, ক্ষতিগ্রস্ত ভাসমান এলএনজি টার্মিনালটি আগামী দুই সপ্তাহের মধ্যে পুরোপুরি সচল হতে পারে বলেও জানান তিনি।(রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রী হিসেবে প্রথমবার জাতিসংঘে ভাষণ দেবেন তারেক রহমান

আগামী ২১ সেপ্টেম্বর নিউইয়র্ক সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সফরের অংশ হিসেবে তিনি ২৪ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সাধারণ বিতর্কে বাংলাদেশের পক্ষে ভাষণ দেবেন। এদিকে, জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। ফলে প্রধানমন্ত্রী যখন সাধারণ পরিষদের মূল অধিবেশনে বাংলাদেশের অবস্থান, উন্নয়ন কৌশল, জলবায়ু পরিবর্তন, বৈশ্বিক শান্তি ও আন্তর্জাতিক সহযোগিতা নিয়ে বক্তব্য রাখবেন, তখন অধিবেশন পরিচালনার দায়িত্বে থাকবেন বাংলাদেশেরই পররাষ্ট্রমন্ত্রী। কূটনৈতিক বিশ্লেষকদের মতে, একই সময়ে বাংলাদেশের সরকারপ্রধান বক্তা হিসেবে এবং দেশের পররাষ্ট্রমন্ত্রী সাধারণ পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করা দেশের জন্য একটি গুরুত্বপূর্ণ ও বিরল কূটনৈতিক ঘটনা। যদিও বিশ্ব ইতিহাসে এ ধরনের ঘটনা একেবারে নজিরবিহীন নয়, তবুও স্বাধীন বাংলাদেশের ইতিহাসে এটি একটি উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। এর আগে, ১৯৮৬ সালে বাংলাদেশের হুমায়ুন রশীদ চৌধুরী জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছিলেন। তবে সে সময় দেশের রাজনৈতিক কাঠামো ও শাসনব্যবস্থা বর্তমানের তুলনায় ভিন্ন ছিল। বর্তমান সংসদীয় ব্যবস্থায় সরকারপ্রধানের ভাষণ এবং একই সরকারের পররাষ্ট্রমন্ত্রীর সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন- এমন পরিস্থিতি বাংলাদেশের ইতিহাসে এবারই প্রথম। কূটনৈতিক মহলের প্রত্যাশা, নিউইয়র্কে অনুষ্ঠিতব্য এ অধিবেশন বাংলাদেশের আন্তর্জাতিক ভাবমূর্তি আরও শক্তিশালী করতে এবং বৈশ্বিক পরিসরে দেশের কূটনৈতিক উপস্থিতিকে নতুন মাত্রা দিতে ভূমিকা রাখবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## গ্যাস সংকট মোকাবিলায় সহায়তার আশ্বাস মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর : জ্বালানি প্রতিমন্ত্রী

গ্যাসের সংকট মোকাবিলায় প্রধানমন্ত্রী তারেক রহমানকে সহায়তার আশ্বাস দিয়েছেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম। মঙ্গলবার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত এ তথ্য নিশ্চিত করেন। জ্বালানি প্রতিমন্ত্রী জানান, আজ দুপুরে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে ফোনে কথা বলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। উদ্ভূত জ্বালানি সংকট মোকাবিলায় আনোয়ার ইব্রাহিম এবং মালয়েশিয়ার সহযোগিতা কামনা করেন তিনি। আনোয়ার ইব্রাহিম আশ্বস্ত করেছেন, সংকট নিরসনে যা কিছু করার সুযোগ আছে, দ্রুততম সময়ে টিম-সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলে প্রধানমন্ত্রী তারেক রহমানকে অবহিত করবেন। তিনি জানান, জ্বালানি ক্ষেত্রে চাহিদা ও সরবরাহের যে গ্যাপ আছে, সেটি নিরসনে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমান কথা বলেছেন। মালয়েশিয়া থেকে আমদানির সুযোগ নিয়ে কাজ চলছে। তাদের অভিজ্ঞতা, রিসোর্স দিয়ে কীভাবে সহায়তা করতে পারে, এ নিয়ে বিস্তারিত কথা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## হেপাটাইটিস ˋসি, সংক্রমণে বিশ্বের শীর্ষ ১০-এ বাংলাদেশ

হেপাটাইটিস এখন বিশ্বের অন্যতম প্রাণঘাতী সংক্রামক রোগে পরিণত হয়েছে। প্রতিবছর এ রোগে প্রায় ১৩ লাখ মানুষের মৃত্যু হয়, যার বেশিরভাগই লিভার সিরোসিস ও লিভার ক্যানসারের কারণে হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা  জানিয়েছে, ভাইরাল হেপাটাইটিসজনিত মোট মৃত্যুর প্রায় ৯৫ শতাংশের জন্য দায়ী হেপাটাইটিস ˋবি, ও ˋসি,। মঙ্গলবার বিশ্ব হেপাটাইটিস দিবস উপলক্ষ্যে দেওয়া এক বার্তায় সংস্থাটি জানায়, বিশ্বজুড়ে প্রতিদিন প্রায় ৬ হাজার মানুষ নতুন করে হেপাটাইটিস ˋবি, ও ˋসি, ভাইরাসে আক্রান্ত হয় এবং প্রতিদিন প্রায় সাড়ে ৩ হাজার মানুষ এ দুই সংক্রমণের কারণে প্রাণ হারায়। এ পরিস্থিতি মোকাবিলায় সরকার, উন্নয়ন সহযোগী, স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট অংশীজনের সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্ব দিয়েছে ডব্লিউএইচও। ডব্লিউএইচও-এর তথ্য অনুযায়ী, দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে বর্তমানে প্রায় ৪ কোটি ৩০ লাখ মানুষ ভাইরাল হেপাটাইটিস নিয়ে জীবনযাপন করছেন। শুধু ২০২৪ সালেই এ অঞ্চলে প্রায় ২ লাখ ৬৬ হাজার নতুন হেপাটাইটিস ˋবি, ও ˋসি, সংক্রমণ এবং প্রায় ২ লাখ হেপাটাইটিসজনিত মৃত্যুর ঘটনা ঘটেছে। বাংলাদেশের পরিস্থিতিকেও উদ্বেগজনক হিসেবে উল্লেখ করেছে সংস্থাটি। বিশ্বব্যাপী হেপাটাইটিস ˋসি, আক্রান্ত মানুষের সংখ্যার বিচারে বাংলাদেশ শীর্ষ ১০ দেশের একটি। সাধারণ জনগোষ্ঠীর মধ্যে সক্রিয় হেপাটাইটিস ˋসি, সংক্রমণের হার প্রায় শূন্য দশমিক ৬ শতাংশ হলেও ইনজেকশনের মাধ্যমে মাদক গ্রহণকারী ব্যক্তি, নিয়মিত রক্ত গ্রহণে নির্ভরশীল রোগী এবং রোহিঙ্গা শরণার্থীদের মধ্যে সংক্রমণের হার তুলনামূলকভাবে অনেক বেশি। একইসঙ্গে হেপাটাইটিস ˋবি, সংক্রমণও দেশের জন্য বড়ো উদ্বেগের বিষয়। ডব্লিউএইচও জানায়, ২০২৪ সালে বিশ্বে হেপাটাইটিস ˋবি,-জনিত মোট মৃত্যুর ৬৯ শতাংশ যে ১০টি দেশে ঘটেছে, বাংলাদেশ সেই তালিকায় রয়েছে। বিশ্ব হেপাটাইটিস দিবস উপলক্ষ্যে বাংলাদেশে হেপাটাইটিস প্রতিরোধ, পরীক্ষা ও চিকিৎসাসেবা আরো সম্প্রসারণের আহ্বান জানিয়েছে সংস্থাটি।

ডব্লিউএইচও-এর মতে, কার্যকর টিকা, নির্ভরযোগ্য পরীক্ষা ও উন্নত চিকিৎসাব্যবস্থা থাকা সত্ত্বেও জনসচেতনতার অভাব, দেরিতে রোগ শনাক্ত হওয়া, সাশ্রয়ী মূল্যে পরীক্ষা ও চিকিৎসার সীমিত সুযোগ, সামাজিক অপবাদ এবং স্বাস্থ্যসেবার বৈষম্যের কারণে বিপুলসংখ্যক মানুষ প্রয়োজনীয় চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হচ্ছে। ফলে ২০৩০ সালের মধ্যে ভাইরাল হেপাটাইটিস নির্মূলের বৈশ্বিক লক্ষ্য অর্জন চ্যালেঞ্জের মুখে পড়ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## মিরসরাই শিল্পাঞ্চলে ৩০০ মিলিয়ন ডলার বিনিয়োগে আগ্রহী তুরস্কের সানকো

বাংলাদেশের বস্ত্র ও পাট খাতে বড়ো ধরনের বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে তুরস্কের শীর্ষস্থানীয় টেক্সটাইল প্রতিষ্ঠান সানকো। প্রতিষ্ঠানটি দেশের মিরসরাই শিল্পাঞ্চলে প্রায় ৩০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে একটি সমন্বিত টেক্সটাইল উৎপাদন সুবিধা গড়ে তুলতে চায়। আজ মঙ্গলবার সচিবালয়ে বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে সানকোর প্রতিনিধি দলের এক বৈঠকে এ বিনিয়োগ পরিকল্পনার বিষয়টি জানানো হয়। বৈঠকে বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মো. শরীফুল আলমও উপস্থিত ছিলেন। বৈঠকে সানকা-এর প্রতিনিধিরা জানান, বাংলাদেশে তাদের বিদ্যমান ব্যবসায়িক সম্পর্ক ও আন্তর্জাতিক ক্রেতাদের চাহিদার ভিত্তিতে তারা স্থানীয়ভাবে উৎপাদন সক্ষমতা বাড়াতে আগ্রহী। বর্তমানে প্রতিষ্ঠানটি তুরস্ক থেকে টেক্সটাইল পণ্য সরবরাহ করলেও বাংলাদেশের সম্ভাবনাময় বাজার, দক্ষ শ্রমশক্তি এবং রপ্তানি সক্ষমতার কারণে দেশে উৎপাদন স্থাপনের পরিকল্পনা করছে। সানকো প্রতিনিধি দল জানায়, প্রস্তাবিত প্রকল্পের আওতায় কাপড় উৎপাদন, ফ্যাব্রিক প্রসেসিং এবং উচ্চমূল্যের টেক্সটাইল পণ্য তৈরি করা হবে। এর মাধ্যমে বাংলাদেশের তৈরি পোশাক ও টেক্সটাইল খাতে মানসম্পন্ন পণ্য উৎপাদনের সক্ষমতা আরও বাড়বে। প্রতিষ্ঠানটির প্রতিনিধিরা বলেন, বাংলাদেশে তাদের বেশ কিছু গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ক্রেতা রয়েছে। স্থানীয় উৎপাদন সুবিধা চালু হলে নতুন আন্তর্জাতিক ক্রেতাদের বাংলাদেশে আনা সম্ভব হবে। একইসঙ্গে দেশের বিদ্যমান টেক্সটাইল কারখানাগুলোও প্রযুক্তি, দক্ষতা ও বাজার সম্প্রসারণের মাধ্যমে উপকৃত হবে। তারা আরও জানান, প্রকল্পটি বাস্তবায়নের জন্য ইতোমধ্যে সম্ভাব্য স্থান নির্বাচন ও অংশীদারদের সঙ্গে আলোচনা করা হয়েছে। প্রয়োজনীয় অনুমোদন ও অবকাঠামোগত সুবিধা নিশ্চিত হলে আগামী কয়েক মাসের মধ্যেই পরবর্তী কার্যক্রম শুরু করা হবে। নির্মাণকাজ শুরুর পর আনুমানিক ১২ থেকে ১৮ মাসের মধ্যে প্রকল্পটি চালুর লক্ষ্য রয়েছে। বৈঠকে সানকোর পক্ষ থেকে জ্বালানি সুবিধা, গ্যাস সংযোগ, বিদ্যুৎ সরবরাহ এবং প্রয়োজনীয় সরকারি অনুমোদন দ্রুত নিশ্চিত করার বিষয়ে সহযোগিতা কামনা করা হয়। তারা জানায়, আধুনিক টেক্সটাইল উৎপাদনে পরিবেশবান্ধব প্রযুক্তি ও টেকসই উৎপাদন ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আন্তর্জাতিক ক্রেতাদের চাহিদা অনুযায়ী কয়লাবিহীন ও পরিবেশবান্ধব জ্বালানি ব্যবস্থাপনার বিষয়টিও তারা গুরুত্ব দিচ্ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## ইসির নতুন নিয়োগ বাতিল চায় জামায়াতে ইসলামী

নির্বাচন কমিশনে সদ্য নিয়োগ পাওয়া অতিরিক্ত সচিব শামসুল আলমের বিরুদ্ধে সরাসরি দলীয় রাজনীতির সঙ্গে জড়িত থাকার অভিযোগ তুলে অবিলম্বে তার নিয়োগ বাতিলের দাবি জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। একইসঙ্গে এই ধরনের নিয়োগকে `অনৈতিক, দাবি করে ইসিকে সরকারের আজ্ঞাবহ করার চক্রান্তসহ আসন্ন স্থানীয় সরকার নির্বাচনের নিরপেক্ষতা নিয়ে গভীর শঙ্কা প্রকাশ করেছে দলটি। মঙ্গলবার দুপুরে সমসাময়িক নানা রাজনৈতিক পরিস্থিতি ও প্রশাসনিক সিদ্ধান্ত নিয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এই দাবি জানান। সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, নির্বাচন কমিশনকে আজ্ঞাবহ প্রতিষ্ঠানে পরিণত করতেই শামসুল আলমকে অতিরিক্ত সচিব হিসেবে `অনৈতিকভাবে, নিয়োগ দেওয়া হয়েছে, যিনি সরাসরি বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত। আমরা এই নিয়োগ অবিলম্বে বাতিলের দাবি জানাচ্ছি। এই নিয়োগ বাতিল না করা হলে দেশের আসন্ন স্থানীয় সরকার নির্বাচন কখনোই সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ হবে না। প্রশাসনে দলীয়করণের চিত্র তুলে ধরে জামায়াতের এই জ্যেষ্ঠ নেতা আরও অভিযোগ করেন, বর্তমান বিএনপি সরকার পুরো প্রশাসনকে নির্লজ্জভাবে দলীয়করণ করে চলেছে। সিটি করপোরেশন ও জেলা পরিষদসহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশাসক বসানোর পর এবার দেশের গুরুত্বপূর্ণ সরকারি পদগুলোতে ছাত্রদলের সাবেক নেতাদের নিয়োগ দেওয়া হচ্ছে, যা একটি নিরপেক্ষ শাসনব্যবস্থার জন্য চরম উদ্বেগজনক। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## জরুরি সতর্কবার্তা দিল পুলিশ

পুলিশসহ বিভিন্ন সরকারি কর্মকর্তার নাম-পরিচয় ব্যবহার করে সামাজিক যোগাযোগমাধ্যমে অর্থ দাবি এবং তদবিরের নামে প্রতারণার ঘটনায় দেশবাসীকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে বাংলাদেশ পুলিশ। মঙ্গলবার পুলিশ সদর দপ্তর থেকে পাঠানো এক সতর্কবার্তায় এ আহ্বান জানানো হয়। সতর্কবার্তায় বলা হয়, সম্প্রতি একটি প্রতারক চক্র পুলিশসহ বিভিন্ন সরকারি দপ্তরের দায়িত্বশীল ও ঊর্ধ্বতন কর্মকর্তাদের নাম, ছবি ও পরিচয় ব্যবহার করে সামাজিক যোগাযোগমাধ্যমে বার্তা পাঠিয়ে অর্থ দাবি করছে। পাশাপাশি বিভিন্ন ধরনের তদবিরের চেষ্টাও করছে। এসব ঘটনায়

একদিকে সাধারণ মানুষ আর্থিকভাবে প্রতারিত হচ্ছেন, অন্যদিকে সরকারি প্রতিষ্ঠান ও দায়িত্বশীল কর্মকর্তাদের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে। পুলিশ সদর দপ্তর জানায়, সামাজিক যোগাযোগমাধ্যমে কোনো সরকারি কর্মকর্তার ছবি বা পরিচয় ব্যবহার করা হয়েছে বলেই সংশ্লিষ্ট আইডি বা মোবাইল নম্বরটি তার- এমনটি ধরে নেওয়ার সুযোগ নেই। তাই এ ধরনের বার্তা বা অনুরোধে কোনোভাবেই সাড়া না দেওয়ার জন্য সবাইকে অনুরোধ করা হয়েছে। কেউ যদি এ ধরনের প্রতারণামূলক বার্তা পান, তাহলে জাতীয় জরুরি সেবা ৯৯৯ নম্বরে অথবা সিআইডির সাইবার পুলিশ সেন্টার এবং ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগ কার্যালয়ে যোগাযোগ করার পরামর্শ দিয়েছে পুলিশ। বাংলাদেশ পুলিশ জানিয়েছে, এ ধরনের প্রতারক চক্রের বিরুদ্ধে আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ সতর্ক রয়েছে। প্রতারণার সঙ্গে জড়িতদের শনাক্ত করে তাদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা নেওয়া হবে বলেও সতর্কবার্তায় উল্লেখ করা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## বুধবার সারাদেশে এনসিপির বিক্ষোভ

হবিগঞ্জে শান্তিপূর্ণ পদযাত্রা কর্মসূচিতে দলের শীর্ষ নেতাদের গাড়িবহরে হামলার প্রতিবাদে বুধবার সারাদেশে দলীয় প্রতিবাদ কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে জাতীয় নাগরিক পার্টি। মঙ্গলবার এনসিপির দপ্তর সেলের সদস্য সাদিয়া ফারজানা দিনা স্বাক্ষরিত এক বার্তায় এই নির্দেশনা দেওয়া হয়। নির্দেশনায় বলা হয়, হবিগঞ্জে এনসিপির মুখ্য সংগঠক সারজিস আলম এবং মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর গাড়িবহরে বিএনপির সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে আগামীকাল বুধবার সারাদেশে দলীয় প্রতিবাদ কর্মসূচি পালন করা হবে। এতে এনসিপির সব মহানগর, জেলা, উপজেলা ও থানা শাখাকে নিজ নিজ এলাকায় প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ আয়োজনের নির্দেশ দেওয়া হয়েছে। একইসঙ্গে সংশ্লিষ্ট সব সাংগঠনিক ইউনিটকে কর্মসূচি সফল ও সুশৃঙ্খলভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং দলীয় নেতাকর্মীদের যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার আহ্বান জানানো হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## বিএনপিকে মাইনাস করার ফর্মুলা ছিল ড. ইউনূসের

ড. মুহাম্মদ ইউনূসের বিএনপিকে মাইনাস করার ফর্মুলা ছিল বলে মন্তব্য করেছেন বিএনপি নেতা ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান। তিনি বলেন, ড. মুহাম্মদ ইউনূসের প্রতি শ্রদ্ধা রয়েছে। কিন্তু ড. ইউনূসের মাইনাস ফর্মুলা ছিল- বিএনপিকে মাইনাস করার ফর্মুলা। মঙ্গলবার সকালে রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে 'ন্যায়ভিত্তিক বৈষম্যহীন সমাজ গঠনে বিভাজন নয়, ঐক্য, শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। রাশেদ খান বলেন, মুহাম্মদ ইউনূস মনে করেছিলেন, নির্বাচন না দিয়ে ক্ষমতায় থাকবো। আওয়ামী লীগ ভ্যানিশ হয়ে গেছে, এইবার বিএনপিকে ভ্যানিশ করো। জামায়াত-এনসিপিকে ক্ষমতায় আনো। এই প্লান মুহাম্মদ ইউনূসের ছিল। তিনি বলেন, আমাদেরও তো দু-একজন কাছের মানুষ সরকারে ছিল। অনেক তথ্যই তো পেয়েছি। অনেকে মনে করে যে, মুহাম্মদ ইউনূস তো ফেরেশতা। এমনি এমনি নির্বাচন দিয়েছে? আমি বলতে চাই, মুহাম্মদ ইউনূসকে নির্বাচন দিতে বাধ্য করা হয়েছে। নির্বাচন আদায় করে নেওয়া হয়েছে। জামায়াত ইসলাম কি নির্বাচন চেয়েছিল- এনসিপি নির্বাচন চেয়েছিল? না। ওরা বলেছিল, ১২ ফেব্রুয়ারি বাংলাদেশে কোনো নির্বাচন হবে না। আমরা নির্বাচন আদায় করে নিয়েছি। তিনি আরও বলেন, আজকে নির্বাচিত সরকারের বিরুদ্ধে যারা হুমকি দিচ্ছে গণ-অভ্যুত্থানের, এরা অপরাধ করছে, অন্যায় করছে। বিএনপি সরকার কি হাসিনার মতো নির্বাচন করে ক্ষমতায় এসেছে? জনগণের ভোটে বিএনপি সরকার ক্ষমতায় এসেছে। সুতরাং এইসব গ-ণঅভ্যুত্থানের হুমকি দেওয়া বন্ধ করেন। গণ-অভ্যুত্থান সস্তা জিনিস না- বললেন আর হয়ে যাবে? (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

## যুক্তরাষ্ট্র থেকে ১৩ বছরের জন্য এলএনজি আমদানির নীতিগত অনুমোদন

যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান গুনভর ইউএসএ এলএলসির কাছ থেকে জিটুজি পদ্ধতিতে ১৩ বছর মেয়াদে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আমদানির প্রস্তাবে নীতিগত অনুমোদন দিয়েছে অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। মঙ্গলবার সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক সূত্রে জানা গেছে, বর্তমানে কাতার, ওমান, যুক্তরাষ্ট্র ও সৌদি আরবের পাঁচটি প্রতিষ্ঠানের সঙ্গে মোট সাতটি জিটুজি চুক্তির আওতায় বাংলাদেশ এলএনজি আমদানি করছে। তবে বিদ্যমান গ্যাসের ঘাটতি ও ভবিষ্যতের বাড়তি চাহিদা বিবেচনায় দীর্ঘমেয়াদি চুক্তির পাশাপাশি স্বল্পমেয়াদি ভিত্তিতেও অতিরিক্ত এলএনজি আমদানির উদ্যোগ নিয়েছে সরকার। এর অংশ হিসেবে গুনভর ইউএসএ এলএলসি ২০২৬ সাল থেকে ২০৩৯ সাল পর্যন্ত ১৩ বছর মেয়াদে প্রতি বছর ছয়টি এলএনজি কার্গো সরবরাহের প্রস্তাব দিয়েছে। এই প্রস্তাব জিটুজি কাঠামোর আওতায় চূড়ান্ত চুক্তির জন্য প্রক্রিয়াকরণের নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকে উত্থাপিত প্রস্তাব অনুযায়ী, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এ উদ্যোগ বাস্তবায়নের দায়িত্বে থাকবে এবং চুক্তি কার্যকর করবে পেট্রোবাংলা। সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, দীর্ঘমেয়াদি সরবরাহ নিশ্চিত করা গেলে আন্তর্জাতিক বাজারের অস্থিরতার মধ্যেও দেশে গ্যাস

সরবরাহে স্থিতিশীলতা বজায় রাখা সহজ হবে। পাশাপাশি বিদ্যুৎ উৎপাদন ও শিল্প খাতে জ্বালানির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতেও এ ধরনের চুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

**বাংলাদেশের সঙ্গে সাংস্কৃতিক সম্পর্ক জোরদারে আগ্রহী বেইজিং : চীনা রাষ্ট্রদূত**

সংস্কৃতিবিষয়ক মন্ত্রী নিতাই রায় চৌধুরী এবং প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ামের সঙ্গে আজ সাক্ষাৎকালে বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন দুই দেশের সাংস্কৃতিক বিনিময়কে আরো উচ্চ পর্যায়ে নিয়ে যেতে একসাথে কাজ করার আগ্রহ প্রকাশ করেছেন। বৈঠকের পর চীনা দূতাবাসের এক বিবৃতিতে বলা হয়, রাষ্ট্রদূত সাংস্কৃতিক বিনিময়কে চীন-বাংলাদেশ সম্পর্কের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে অভিহিত করেছেন এবং এই ক্ষেত্রে সহযোগিতা আরো জোরদার করার উপায় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ইয়াও ওয়েন বলেন, দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক বোঝাপড়া বৃদ্ধি এবং ঐতিহ্যগত বন্ধুত্বকে আরো গভীর করতে সাংস্কৃতিক বিনিময় এক অনন্য ভূমিকা পালন করতে পারে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বলেন, চীন ও বাংলাদেশ দ্বিপক্ষীয় সাংস্কৃতিক বিনিময়কে আরো উচ্চতায় নিয়ে যেতে একসাথে কাজ করার বিষয়ে রাষ্ট্রদূত আশা প্রকাশ করেছেন। বৈঠকে বাংলাদেশি পক্ষ রাষ্ট্রদূতের এই দৃষ্টিভঙ্গির প্রশংসা করে উল্লেখ করেছে, সাম্প্রতিক বছরগুলোতে দুই দেশের মধ্যে সাংস্কৃতিক বিনিময় ভালো ফলাফল বয়ে এনেছে। এই ক্ষেত্রে তারা সহযোগিতা আরো জোরদারের ইচ্ছা প্রকাশ করেন। উভয় পক্ষ সংস্কৃতি ও শিল্পকলা এবং অধরা সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে অভিজ্ঞতা বিনিময়, পারস্পরিক শিক্ষা ও ব্যবহারিক সহযোগিতা জোরদার করার বিষয়েও আলোচনা করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

**বৈদেশিক মুদ্রার রিজার্ভ এখন ৩৬.৪৫ বিলিয়ন ডলার**

বাংলাদেশের মোট বৈদেশিক মুদ্রার রিজার্ভ এখন ৩৬ দশমিক ৪৫ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। আজ মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানিয়েছেন। কেন্দ্রীয় ব্যাংকের সবশেষ তথ্যানুযায়ী, ২৮ জুলাই পর্যন্ত দেশের গ্রস রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩৬ হাজার ৪৫৭ দশমিক ০২ মিলিয়ন ডলার। আর আন্তর্জাতিক মুদ্রা তহবিলের হিসাব পদ্ধতি বিপিএম-৬ অনুযায়ী রিজার্ভ দাঁড়িয়েছে ৩১ হাজার ৭৪৮ দশমিক ৫০ মিলিয়ন মার্কিন ডলারে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৭.২০২৬ আসাদ)

# BBC

**ZELENSKY TO PRESS TRUMP ON AIR DEFENCES WHILE IN WASHINGTON**

Ukraine's Volodymyr Zelensky is due to hold important talks with US President Donald Trump at the White House, where he is hoping to firm up commitments to bolstering Kyiv's anti-ballistic missile defences. Zelensky has arrived in the US at a significant stage in Russia's full-scale war in Ukraine, with Moscow's mayor saying the capital was targeted by 390 drones in a matter of hours overnight. The Ukrainian leader is expected to press Trump over support he gave earlier this month for Kyiv to be given a licence to produce Patriot interceptor missiles. Russia has escalated deadly ballistic missile attacks on Ukraine's capital recently, and Zelensky has said interceptors are urgently needed. Patriot missiles have been at the top of Zelensky's wish-list for some time, but after the wars in Ukraine and the Middle East, these US air defence interceptors are in very short supply.
(BBC News Web Page: 28/07/26, FARUK)

**US WALKS OUT OF UN SECURITY COUNCIL MEETING DURING FRANCE'S REMARKS**

The US delegation walked out of a UN Security Council meeting on Monday, in protest at comments made by France that compared Washington's voting on human rights to that of authoritarian states. The diplomatic row was initially sparked last week, when the US joined North Korea and Russia in voting against extending Volker Turk's term as UN High Commissioner for Human Rights. After the vote on Friday, France's UN mission criticized the US and compared it to North Korea and Russia. "The US used to be a beacon of human rights. Not anymore," it posted on X. In response, US ambassador Mike Waltz accused France of voting for a human rights chief who had been "lecturing" democratic countries while "cozying up to the world's worst oppressors", without elaborating on what he meant. Turk has criticized Russia's war in Ukraine and Israel's military conduct in Gaza.
(BBC News Web Page: 28/07/26, FARUK)

**WIDESPREAD DAMAGE FROM MAGNITUDE 7.1 EARTHQUAKE IN SOUTH-WEST JAPAN**

Several people are trapped inside a shopping centre after a strong earthquake hit south-west Japan, officials say. Local media reports that there was an explosion at the Aeon Mall in Kumamoto prefecture, following the magnitude 7.1 earthquake. The quake hit inland on

Kyushu island at 16:27 local time, with about 3,00,000 people being told to move to evacuation shelters. There was a brief tsunami warning that was lifted within the hour. Emergency services said "many people" were trapped inside the Aeon Mall in the Kumamoto prefecture. In the town of Kashima, "a shopping complex's second floor collapsed, leaving many people trapped inside," the fire department said in a statement. Japan is one of the world's most earthquake-prone countries, experiencing about 1,500 quakes a year. The meteorological agency has warned of strong aftershocks given the shallow epicentre - 10km. Footage aired by national broadcaster NHK shows cracked roads and bridges and several buildings on fire. The quake's epicentre was about 20km south of Kumamoto, which is Kyushu island's largest city with a population of about 7,00,000.
(BBC News Web Page: 28/07/26, FARUK)

**INDIA MOVES TO DEMOLISH UNIVERSITY MUSLIM LEADER FOUNDED**

More than 100 people sit cross-legged on mats, braving the brutal July heat, as they raise slogans and wave the national flag in a north Indian town. Barely 200km from the capital, New Delhi, where thousands of youths demanding education reforms just forced a minister to resign, a group of students, alumni and residents are holding an indefinite sit-in to oppose the planned demolition of 38 of Mohammad Ali Jauhar University’s 40 buildings. Named after a freedom fighter who fought against British rule, the university was founded by prominent Muslim politician Azam Khan in Rampur district of Uttar Pradesh state. Khan established the Mohammad Ali Jauhar Trust in 2003, which oversaw the university’s establishment three years later. On July 15, when protests led by the Cockroach Janta Party (CJP) – a youth movement born out of a joke – were at their peak, the Rampur district administration issued an order to demolish most of the university’s building, alleging they flouted regulatory guidelines. (BBC News Web Page: 28/07/26, FARUK)

**SIXTY PALESTINIANS DETAINED BY ISRAEL RETURN TO GAZA, DESCRIBE ABUSES**

Sixty Palestinians detained by Israel were returned to Gaza, arriving at a hospital in Khan Younis frail, injured and, in several cases, unable to walk. The men were brought by the International Committee of the Red Cross (ICRC) to Nasser Medical Complex for examination on Monday, where crowds of relatives and medical teams greeted them. This is the largest prisoner release since the first phase of the “ceasefire” in Israel’s genocidal war on Gaza, which took effect in October. They are among nearly 1,300 people from Gaza held by Israel as “unlawful combatants”, according to Israeli rights group HaMoked. Israel said the men were released after interrogations determined they were “no longer security suspects”.
(BBC News Web Page: 28/07/26, FARUK)

**HOUTHIS WANT TO COPY IRAN’S HORMUZ CONTROL IN THE RED SEA: YEMENI FM**

Yemen’s Houthi movement is aiming to replicate Iran’s strategy in the Strait of Hormuz by controlling shipping flows in the Red Sea’s Bab al-Mandev Strait, the Yemeni government’s top diplomat warns. “The Houthis want to copy the Iranian model, and this will shut down two main straits, the gateways into the Gulf and Red Sea,” the foreign minister-designate for the internationally recognized Yemeni government, Afrah al-Zouba, told journalists on Monday. Speaking at the Yemeni embassy in Riyadh, Saudi Arabia, al-Zouba said the Iran-backed Houthis have been emboldened due to the insufficient international response to their activities in the region. Bab al-Mandev Strait connects the Red Sea to the Gulf of Aden and the wider Indian Ocean, and – much like the Strait of Hormuz – a significant portion of the global economy depends on the unimpeded flow of maritime traffic through it. Approximately 30% of global container traffic passes through the Red Sea, and 12 to 15% of overall global trade. (BBC News Web Page: 28/07/26, FARUK)

**FRANCE AND SPAIN BRACE FOR HEATWAVE THAT COULD WORSEN RAGING WILDFIRES**

The spread of wildfires in France and Spain that had come dangerously close to the cities of Bordeaux and Madrid appears to be slowing, authorities say, but they are bracing for yet another stifling heatwave this week, which could fan the flames of current blazes and ignite new ones. Nearly 4,000 people were evacuated from tourist sites in the Lacanau area of the Gironde region in southwestern France on Tuesday, bringing the total number who have fled Gironde to well over a quarter of a million. The wine-growing region, which includes the historic city of Bordeaux is the worst affected in France by the wildfires. France’s fourth heatwave of 2026 is expected to began on Tuesday as temperatures are forecast to reach

as high as 40 degrees Celsius in the coming days. When the heatwave reaches Spain on Wednesday, temperatures are expected to be even hotter there. In Spain, 1,16,000 people have had to leave their homes since the wildfires began, but some have since been able to return. In the central province of Toledo, people from nine of 11 evacuated towns were allowed to go back to their homes on Tuesday. (BBC News Web Page: 28/07/26, FARUK)

**IRAQI PM VISITS TURKEY TO BOOST TIES DESPITE COMPLEX CHALLENGES**

Iraqi Prime Minister Ali al-Zaidi is leading a high-level delegation to Turkey, in his first visit to the neighbouring country since taking office in May. Accompanied by ministers and senior officials, al-Zaidi's visit on Tuesday will focus on "strategic cooperation" between the two countries, as well as issues related to security, water and the economy, according to government spokesman Haider al-Aboudi. Relations between Iraq and Turkey have fluctuated over the past decade but remained a priority for both sides, particularly for Iraq in relation to oil and water resources. And the launch of the US-Israel war on Iran in February and the subsequent closure of the Strait of Hormuz have elevated Ankara's importance for Baghdad, prompting it to press Turkish authorities to resume and increase the exporting of oil through the Iraqi-Turkiye pipeline after years of suspension. The two countries are seeking to sign an oil pipeline agreement that governs the export of Iraqi oil after the expiration of the previous deal on Monday. (BBC News Web Page: 28/07/26, FARUK)

## :: THE END ::